আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড়
পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১, (বিস্তারিত ২১ পৃষ্ঠায়)

এক বছরের মধ্যে ট্রাম্পের জনপ্রিয়তা সর্বনিম্নে!

বাংলা পত্রিকা ডেস্ক: এক বছরের মধ্যে সর্বনিম্নে পৌঁছেছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জনপ্রিয়তা। জরিপ সংস্থা হিল/হ্যারিসএক্স'র সর্বশেষ তথ্য (বাকি অংশ ৩২ পাতায়)

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৪ || সংখ্যা ৩৭ || সোমবার || জৈষ্ঠ২৪ || ১৪২৬ || শাওয়াল ১৬ || ১৪৪১ || Vol. 24 || Issue 37 || June 8 || 2020 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME Television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-763-0086

নিউইয়র্ক থেকে ফিরলেন ১১২ বাংলাদেশী

ডা. ফেরদৌস খন্দকারকে নিয়ে ঢাকায় বিতর্ক তুঙ্গে



শনিবার দেশের পথে রওয়ানা দেয়া বাংলাদেশীদের জন এফ কেনেডি বিমানবন্দরে বিদায় অভ্যর্থনা জানান হয়



বাংলা পত্রিকা ডেস্ক: করোনাভাইরাস মহামারীর মধ্যে যুক্তরাষ্ট্রে আটকে থাকা ১১২ বাংলাদেশীকে নিয়ে কাতার এয়ারওয়েজের দ্বিতীয় বিশেষ বিমান রোববার (৭ জুন) বিকাল পৌনে পাঁচটায় ঢাকায় পৌঁছেছে। এ ফ্লাইটে দেশে ঢাকায় গেছেন করোনাকালে কমিউনিটিতে আলোচিত নিউ-ইয়র্ক প্রবাসী বাংলাদেশী-আমেরিকান ডাক্তার ফেরদৌস খন্দকারও। তবে তাকে এয়ারপোর্ট থেকে বের হতে দেয়া হয়নি বলে জানা গেছে। আর্মড পুলিশ ব্যাটালিয়ন-এপিবিএন'র অতিরিক্ত পুলিশ সুপার (এএসপি) আলমগীর হোসেন শিমুল যুক্তরাষ্ট্র থেকে ঢাকায় ১১২ জন যাত্রী ঢাকার পৌঁছার তথ্যকে নিশ্চিত করেছেন। (বাকি অংশ ৩০ পাতায়)

করোনা নিয়ে অস্থির বাংলাদেশ ঃ মিনিটে মিনিটে সিদ্ধান্ত পরিবর্তন

ঢাকা ডেস্ক: করোনাভাইরাসের সংক্রমণের শুরু থেকে সিদ্ধান্তহীনতায় সংশ্লিষ্ট বিভাগগুলো। সরকারি ছুটি, লকডাউন, কারখানা বন্ধ-খোলা, গণপরিহন চালু এসব নিয়ে সিদ্ধান্ত পরিবর্তন হয়েছে মিনিটে মিনিটে। এসব কারণে ৬৬ দিনের টানা ছুটি এবং অঘোষিত লকডাউন শেষেও করোনা সংক্রমণ থামানো যায়নি। একের পর এক সরকারি (বাকি অংশ ২৭ পাতায়)

ইকোনমিস্টের প্রতিবেদন


ঢাকায় আক্রান্ত সাড়ে ৭ লাখের বেশি

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশের রাজধানী ঢাকাতেই করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা সাড়ে সাত লাখের বেশি বলে মনে করে যুক্তরাজ্যভিত্তিক সাময়িকী দ্য ইকোনমিস্ট। সাময়িকীটি গত ৫ জুন শুক্রবার 'ইনফেকশন্স আর রাইজিং ফাস্ট ইন বাংলাদেশ, ইন্ডিয়া অ্যান্ড পাকিস্তান' শিরোনামে প্রকাশিত প্রতিবেদনে বলেছে, (বাকি অংশ ৩১ পাতায়)

বিশ্বে করোনায় মৃত্যু ৪ লাখ ছুঁই ছুঁই, আক্রান্ত ৬৮ লাখ ছাড়িয়ে

বাংলা পত্রিকা ডেস্ক: বিশ্বে মহামারি আকারে ছড়িয়ে পড়া করোনাভাইরাসে আক্রান্তে সংখ্যা ৬৮ লাখ ছাড়িয়ে গেছে। আর মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ৪ লাখে। জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের তথ্য অনুযায়ী, রোববার সকাল পর্যন্ত বিশ্বব্যাপী করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬৮ লাখ ৮৯ হাজার ৮৮৯ জনে। এদের মধ্যে মৃত্যু হয়েছে ৩ লাখ ৯৯ হাজার ৬৪২ জনের। বিশ্বে একক দেশ হিসেবে করোনাভাইরাসে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা সবচেয়ে বেশি যুক্তরাষ্ট্র। রোববার সকাল পর্যন্ত দেশটিতে (বাকি অংশ ৩০ পাতায়)

সার্বক্ষণিক অক্সিজেন দিতে হচ্ছে জাফরুল্লাহকে



ঢাকা ডেস্ক: ডা. জাফরুল্লাহ চৌধুরী কথা বলতে পারছেন ও সবার দোয়া চেয়েছেন বলে জানিয়েছেন গণস্বাস্থ্য সমাজভিত্তিক মেডিকেল কলেজের উপাধ্যক্ষ ডা. মহিবুল্লাহ খন্দকার। তিনি জানান, ডা. জাফরুল্লাহকে সার্বক্ষণিক (বাকি অংশ ৩১ পাতায়)

www.banglapatrikausa.com

APOLLO BROKERAGE INC.
TLC INSURANCE
ব্ল্যাক কার, কার সার্ভিস, গ্রীন ট্যাক্সি ও প্রাইভেট কার, বাড়ী ও বিজনেস অতি বিশ্বস্ততার সাথে ও সহজ কিস্তিতে ইন্স্যুরেন্স করা হয়।
মানি ট্রান্সফার
ডিভিসি
মানি অর্ডার
ওয়েস্টার্ন ইউনিয়ন
নোটারী পাবলিক
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800, Fax :718-472-9801
E-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
www.cmscreditsolutions.com
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
Debt Settlement
Late Payment
Judgment
Charge Off
Collection
Bankruptcy
Call us 646-775-7008
Mohammad A Kashem
CEO
Core Multi Services Inc.
37-53, 72nd Street, Suite# 1,
Jackson Heights NY 11372
Email: info@cmscreditsolutions.com

AMIN PHARMACY
29-06, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact Pharmacist Dr. Monsur Chowdhury

হাঁটু দিয়ে গলাচাপার প্রচলন বন্ধ হচ্ছে যুক্তরাষ্ট্রে!

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে কোনো ব্যক্তির ওপর পুলিশের হাঁটু দিয়ে গলা চেপে ধরা নিষিদ্ধ হতে যাচ্ছে। এ ছাড়া ক্ষমতার অপব্যবহার হিসেবে যখন তখন পুলিশি হস্তক্ষেপের বিষয়টিও নিষিদ্ধ হচ্ছে। (বাকি অংশ ৩১ পাতায়)

আপনি কি সপ্তাহে ২,০০০ ডলার আয় করতে চান?
আমার গারান্টিড রোড টেস্ট এবং থিওরি পরীক্ষা দিয়ে বার বার ব্যর্থ হয়েছেন?
তাহলে আজই যোগাযোগ করুন
R & R Driving School
471 McDonald Avenue (Basment), Brooklyn, 347-836-1279

Moinul Islam
917-535-4131
MOINUL@GMAIL.COM
Buy
Sell
Rent
Invest
Short Sale
Mega Homes Realty

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Hajj Umrah since 2000
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276,
347-750-3909
87-36, 175 Street, Apt#12, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
IATA
ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
৭২-৩০ রুজভেল্ট এভিনিউ, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
ফোন: 718-396-4890, 917-592-7828
সুপার সেল $৬৪৯+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

Carpet CITY Carpet, Rugs, Wood Floors & More
স্বল্প মূল্যে বাসা কিংবা অফিসের কার্পেটের জন্য যোগাযোগ করুন
Tel: (718) 267-7000
5405 Northern Blvd, (Between 54-55 St) Woodside, NY 11377, Email: carpetcity@yahoo.com

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Workers Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
Crescent Insurance Brokerage Inc.
KABIR CHOWDHURY

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office


72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA

HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218
JAMAICA OFFICE : 169-20 HILLSIDE AVENUE, JAMAICA, NY 11432

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday //June 8 // 2020

সিজারিয়ান সম্পর্কে ইসলাম কী বলে




মাওলানা সাখাওয়াত উল্লাহ: জরুরি অবস্থা বলে একটা কথা আছে। সুতরাং একান্ত অপারগতাবশত সিজার করতে কোনো সমস্যা নেই। অর্থাৎ যখন বাচ্চা বা মায়ের জীবননাশের বা বড় কোনো ক্ষতির আশঙ্কা হয় এবং কোনো বিজ্ঞ চিকিৎসক সিজার করাতে বলেন, তখন সিজার করানো যাবে। তবে নরমাল ডেলিভারি সম্ভব হলে সিজার করা জায়েজ নেই। কোনো চিকিৎসক বা প্রতিষ্ঠান নিজেদের স্বার্থে সিজার করাতে বাধ্য করলে তারা অবশ্যই গুনাহগার হবেন। দুনিয়াবি দিক থেকেও এটা মারাত্মক (বাকি অংশ ১৮ পাতায়)



আক্রান্ত মন্ত্রী এমপিসহ ৮ ভিআইপি

ঢাকা ডেস্ক: বাংলাদেশের মন্ত্রী-এমপিসহ মোট আটজন ভিআইপি এরই মধ্যে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সুস্থ হয়েছেন একজন এমপি। আক্রান্ত সবাই ক্ষমতাসীন আওয়ামী লীগের সংসদ সদস্য। কভিড-১৯ আক্রান্ত আইনপ্রণেতারা হলেন সাবেক স্বাস্থ্যমন্ত্রী সিরাজগঞ্জ-১ আসনের মোহাম্মদ নাসিম, বান্দরবানের এমপি ও পার্বত্য চট্টগ্রাম-বিষয়ক মন্ত্রী বীর বাহাদুর উশৈসিং,ব্রাহ্মণবাড়িয়া-৫ এর এবাদুল করিম বুলবুল, জামালপুর-২ এর ফরিদুল হক খান, চট্টগ্রাম-১৬ এর মোস্তাফিজুর রহমান চৌধুরী এবং নওগাঁ-২ এর এমপি শহীদুজ্জমান সরকার। (বাকি অংশ ২২ পাতায়)



করোনা পজেটিভ নিয়ে অর্থের অভাবে হাসপাতাল ছেড়েছেন সেই খোরশেদ

ঢাকা ডেস্ক: অর্থ সংকটের কারণে করোনা নিয়েই গত শুক্রবার হাসপাতাল ছেড়েছেন নারায়ণগঞ্জের আলোচিত কাউন্সিলর মাকসুদুল আলম খন্দকার খোরশেদ। তিনি নিজেই এই তথ্য জানান। তাঁর স্ত্রীও হাসপাতাল ছেড়ে যান। নারায়ণগঞ্জের ১৩ নম্বর ওয়ার্ডের সেই কাউন্সিলর ও তাঁর স্ত্রী আফরোজা খন্দকার লুনা করোনায় আক্রান্ত হয়ে গত ৩০ মে নারায়ণগঞ্জের সাজেদা হাসপাতালে ভর্তি হন। পরদিন স্ত্রীর শ্বাসকষ্ট বেড়ে গেলে দু'জনই রাজধানীর পান্থপথের একটি হাসপাতালে ভর্তি হন। (বাকি অংশ ২২ পাতায়)

করোনাভাইরাস: যে কারণে রক্তের গ্রুপ ‘এ’ হলে ঝুঁকি ৫০ ভাগ বেশি

অনলাইন ডেস্ক: যাদের রক্তের গ্রুপ ‘এ পজেটিভ’ বা ‘এ নেগেটিভ’ তাদের গুরুতর অসুস্থ হওয়ার ঝুঁকিও বেশি। ভেন্টিলেটর লাগার সম্ভাবনাও অন্য গ্রুপগুলোর থেকে ৫০ শতাংশ বেশি। ইউরোপীয় বিজ্ঞানীদের মানবদেহে করোনাভাইরাসের সংক্রমণ শক্তি নিয়ে এক গবেষণায় এ তথ্য উঠে এসেছে। যাদের এই ধরনের রক্তের গ্রুপ রয়েছে তারা অনেক বেশি ঝুঁকিতে রয়েছেন। গবেষণায় বলা হয়েছে, এটাই প্রথম গবেষণা যেখানে কোভিড -১৯’র সঙ্গে জিনগত প্রভাবের সম্পর্ক খুঁজে পাওয়া গেছে। জিনগত বৈচিত্র্যের কারণেই কোভিড-১৯ আক্রান্তদের (বাকি অংশ ২৭ পাতায়)



কলিন পাওয়েলের ওপর খেপেছেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: আসছে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পকে নয়, বরং ডেমোক্রেট মনোনীত প্রার্থী জো বাইডেনকে ভোট দেবেন বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও মার্কিন সেনাবাহিনীর চার তারকা জেনারেল কলিন পাওয়েল। আর এ কারণে কলিন পাওয়েলের ওপর বেজায় খেপেছেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
রিপাবলিকান দলের কৃষ্ণাঙ্গ নেতা কলিন পাওয়েল সাবেক প্রেসিডেন্ট জর্জ বুশের প্রশাসনে ছিলেন। স্পষ্টবাদী হিসেবে পরিচিত কলিন পাওয়েল ২০১৬ সালের নির্বাচনের আগেই বলেছিলেন, দলের হলেও ট্রাম্পকে তিনি ভোট দেবেন না। ৭ জুন আবার তিনি একই কথা বলেছেন। তিনি বলেন, পরিস্থিতি এবারে আরও নাজুক। তাই ট্রাম্পকে নয়, আসছে নির্বাচনে ডেমোক্রেট মনোনীত জো বাইডেনকে তিনি ভোট দেবেন। সিএনএনের ‘স্টেট অব দ্য ইউনিয়ন’ অনুষ্ঠানে কলিন পাওয়েল এ কথা (বাকি অংশ ২৭ পাতায়)


সাবধান! ফোন নাম্বারের আগে প্লাস চিহ্ন দেখালে কল ধরবেন না!

ঢাকা ডেস্ক: অন্তত পাঁচটি দলে বিভক্ত হয়ে দীর্ঘদিন ধরে দেশের গ্রাহকদের মোবাইল ব্যাংকিংয়ের (ডেবিট-ক্রেডিট কার্ড) গোপন তথ্য হাতিয়ে নিচ্ছিল সংঘবদ্ধ একটি প্রতারকচক্র। সম্প্রতি এমন কিছু অভিযোগের তদন্তে নেমে ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেপ্তারে রাজধানী ও



ফরিদপুরের ভাঙ্গা থানা এলাকায় অভিযান চালান র‍্যাব-২ ও র‍্যাব-৮-এর সদস্যরা। অভিযানে গত ২৪ ঘণ্টায় সংঘবদ্ধ প্রতারকচক্রটির ১৩ সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছেন র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক লে. কর্নেল (বাকি অংশ ১৮ পাতায়)

গোয়েন্দা সূত্রের দাবি দাউদ ইব্রাহিম মারা গেছেন!



বাংলা পত্রিকা ডেস্ক: ভারতের আলোচিত আন্ডারওয়ার্ল্ড ডন দাউদ ইব্রাহিম ও তার স্ত্রী মেহেজবিন করোনায় আক্রান্তের খবর ছড়িয়ে পড়লেও সর্বশেষ বেশ কিছু গোয়েন্দা সূত্রে দাবি করা হচ্ছে, করোনায় আক্রান্ত হয়ে দাউদ ইব্রাহিম মারা গেছেন। গত শনিবার ভারতীয় গণমাধ্যম সংবাদ প্রতিদিন-এর খবরে গোয়েন্দা সূত্রের উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে, করোনায় আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে কুখ্যাত আন্ডার ওয়ার্ল্ড ডন দাউদ ইব্রাহিমের। পাকিস্তানের করাচি শহরের লিয়াকত সামরিক হাসপাতালে তার করোনার চিকিৎসা চলছিল। কিন্তু শুক্রবার রাতেই তার মৃত্যু হয়েছে। এ কারণে হাসপাতালে চূড়ান্ত ব্যস্ততা দেখা গেছে। পাক সেনার শীর্ষ কর্মকর্তা ও গোয়েন্দা সংস্থা আইএসআইয়ের বেশ কয়েকজন অফিসারকে ওই হাসপাতালে গম্ভীর মুখে প্রবেশ (বাকি অংশ ১৬ পাতায়)



এবার চীনা বিমান ঢুকবে না আমেরিকায়

বাংলা পত্রিকা ডেস্ক: করোনাভাইরাসের উৎস নিয়ে ক্রমে সংঘাত বাড়ছে আমেরিকা ও চীনের মধ্যে। বেইজিংকে কোণঠাসা করতে চেষ্টায় কোনো কমতি রাখছে না ওয়াশিংটন। এবার পরিস্থিতি আরও ঘোলাটে করে চীন থেকে আমেরিকায় বিমান আসা বন্ধ করার সিদ্ধান্ত নিল ট্রাম্প প্রশাসন। আগামী ১৬ জুন থেকে কার্যকর হবে (বাকি অংশ ১৬ পাতায়)



বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

ফ্লয়েড হত্যাকান্ড : অধিকাংশ আমেরিকান বিক্ষোভের পক্ষে

যুক্তরাষ্ট্রের মিনিয়াপোলিসে পুলিশ হেফাজতে এক কৃষ্ণাঙ্গ ব্যক্তির মৃত্যুর ঘটনার প্রতিবাদে যুক্তরাষ্ট্রজুড়ে চলমান বিক্ষোভের প্রতি দেশটির বেশিরভাগ মানুষের সহানুভূতি আছে বলে এক জরিপে দেখা গেছে। বিক্ষোভ মোকাবেলায় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যেসব পদক্ষেপ নিয়েছেন, তার প্রতি সংখ্যাগরিষ্ঠ আমেরিকানদের অনাস্থার তথ্যও এতে উঠে এসেছে। বার্তা সংস্থা রয়টার্স ও জরিপ সংস্থা ইপসোসের করা এ যৌথ জরিপের ফল গত ২ জুন মঙ্গলবার প্রকাশিত হয়েছে বলে বার্তা সংস্থা রয়টার্স সূত্রে জানা গেছে।

গত সোম ও মঙ্গলবার চালানো এই জরিপে অংশ নেয়া ৬৪ শতাংশ প্রাপ্তবয়স্ক আমেরিকান জানিয়েছেন, তারা জর্জ ফ্লয়েড হত্যার প্রতিবাদে যুক্তরাষ্ট্রে চলমান আন্দোলনের প্রতি সহানুভূতিশীল। জরিপে অংশ নেয়া যুক্তরাষ্ট্রের ২৭ শতাংশ নাগরিক গত সপ্তাহ থেকে শুরু হওয়া এ বিক্ষোভ-প্রতিবাদ নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন; বিক্ষোভের পক্ষে না বিপক্ষে থাকা উচিত, এ ব্যাপারে নিশ্চিত নন ৯ শতাংশ আমেরিকান।

মিনিয়াপোলিসের শ্বেতাঙ্গ এক পুলিশ কর্মকর্তা প্রায় ৯ মিনিট ধরে ৪৬ বছর বয়সী ফ্লয়েডের ঘাড়ে হাঁটু দিয়ে রাস্তার সঙ্গে চেপে ধরে রেখেছেন, এ রকম একটি ভিডিও ফুটেজ ছড়িয়ে পড়ার পর যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহর উত্তাল হয়ে ওঠে। গ্রেপ্তারের সময় ফ্লয়েডকে ওইভাবে মাটিতে চেপে ধরার কারণে দমবন্ধ হয়ে তার মৃত্যু হয়েছে বলে ময়নাতদন্ত প্রতিবেদনগুলোকে জানানো হয়েছে। যে পুলিশ কর্মকর্তা হাঁটু দিয়ে ফ্লয়েডকে মাটিতে চেপে ধরেছিলেন, তার বিরুদ্ধে হত্যার অভিযোগ আনা হয়েছে।

জরিপে বিক্ষোভ দমনে 'হার্ডলাইন' নেওয়া এবং সহিংসতা নিরসনে সেনা মোতায়েনের হুমকি দেওয়ায় ট্রাম্পের জনসমর্থন কমছে বলেও ইঙ্গিত পাওয়া গেছে। এসব পদক্ষেপ তার পুনর্নির্বাচিত হওয়ার সম্ভাবনাকে ঝুঁকিতে ফেলতে পারে বলেও অনেকে মনে করছেন। এমনকি যেসব গ্রাম ও শহরতলিতে এখনো বিক্ষোভের আঁচ পড়েনি, সেখানকার বেশিরভাগ মানুষও প্রতিবাদকারীদের পক্ষে তাদের অবস্থান জানিয়েছেন। জরিপে অংশ নেয়া অর্ধেকেরও বেশি গ্রামীণ অধিবাসী বলেছেন, তারা বিক্ষোভকারীদের প্রতি সহানুভূতিশীল; একই অবস্থান শহরতলির প্রতি ১০ জনের মধ্যে সাত জনেরই। এদিকে রিপাবলিকানদের মধ্যেও ট্রাম্পকে নিয়ে অসন্তোষ বেড়েছে। রিপাবলিকানদের মধ্যে ৮২ শতাংশ প্রেসিডেন্টের সব কাজে সন্তুষ্ট হলেও, বিক্ষোভ মোকাবিলায় ট্রাম্পের প্রতি আস্থা রেখেছেন জরিপে অংশ নেয়া মাত্র ৬৭ শতাংশ রিপাবলিকান। রিপাবলিকান এ প্রেসিডেন্টকে নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে যুক্তরাষ্ট্রের সাবেক ভাইস প্রেসিডেন্ট জো বাইডেনের মুখোমুখি হতে হবে। রিপাবলিকান কিংবা ডেমোক্রেট কোনো দলই এখন পর্যন্ত আনুষ্ঠানিকভাবে তাদের প্রার্থী চূড়ান্ত না করলেও, বিভিন্ন অঙ্গরাজ্যের প্রাইমারি ও ককাসের ফলে নভেম্বরে যে বাইডেন-ট্রাম্প দ্বৈরথই দেখা যাবে, তা অনেকটাই নিশ্চিত।

আমরাও যেকোন হত্যাকান্ডের তীব্র নিন্দা, প্রতিবাদ জানাই এবং দোষী ব্যক্তির দৃষ্টান্ত শাস্তি দাবী করছি। কিন্তু কোন হত্যার প্রতিবাদ করতে গিয়ে প্রতিবাদ-বিক্ষোভ বা বিচার দাবীর নামে ভাঙচুর, লুটপাট এসব সমর্থন করা যায় না। পুলিশ কর্তৃক জর্জ ফ্লয়েড হত্যার প্রতিবাদেও নামে নিউ-ইয়র্ক সহ বিভিন্ন অঙ্গরাজ্যে যেসব কর্মকান্ড চলছে তা নিয়ে বিভিন্ন মহলে নানা প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে। কোন আবেগ বা বিরোধীতার জন্য বিরোধীতা নয়, বাস্তবতার আলোকেই সবাইকে বিষয়গুলো গুরুত্বের সাথে ভাবতে হবে। আমরা তথা কথিত 'সাদা-কালো'র বিরোধের চির অবসান চাই। সকল মানুষের বাঁচার অধিকার চাই, শান্তিপূর্ণ পরিবেশ চাই।

বাঙালীর মুক্তির সনদ ছয় দফা

শেখ হাসিনা

৭ জুন ছয় দফা দিবস হিসেবে আমরা পালন করি। ২০২০ সাল বাঙালীর জীবনে এক অনন্য বছর হিসেবে আবির্ভূত হয়েছে। আমাদের অর্থাৎ বাংলাদেশের জনগণের জন্য এ বছরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের ব্যাপক কর্মসূচির আয়োজন করা হয়েছিল। শুধু বাংলাদেশেই নয়, বিশ্বব্যাপী প্রবাসী বাঙালীরাও প্রস্তুতি নিয়েছিল। ইউনেসকো এ দিবস উদযাপনের সিদ্ধান্ত নিয়েছিল এবং জাতিসংঘের সদস্যভুক্ত দেশগুলোও প্রস্তুতি নিয়েছিল। জাতিসংঘ এরই মধ্যে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করেছে।

যখন এমন ব্যাপক আয়োজন চলছে, তখনই বিশ্বব্যাপী এক মহামারি দেখা দিল। করোনাভাইরাস বা কভিড-১৯ নামের এক সংক্রামক ব্যাধি বিশ্ববাসীকে এমনভাবে সংক্রমিত করছে যে বিশ্বের প্রায় সব দেশই এর দ্বারা আক্রান্ত এবং অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক–সব কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। বাংলাদেশও এ ভাইরাস থেকে মুক্ত নয়। এমতাবস্থায় আমরা জনস্বার্থে সব কার্যক্রম, বিশেষ করে যেখানে জন-সমাগম হতে পারে, সে ধরনের কর্মসূচি বাতিল করে দিয়ে শুধু রেডিও, টেলিভিশন বা ডিজিটাল মাধ্যমে কর্মসূচি পালন করছি।

১৯৬৬ সালে বাঙালীর মুক্তির সনদ ছয় দফা ঘোষণা করেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। আমি পরম শ্রদ্ধাভরে স্মরণ করি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, শ্রদ্ধা জানাই আমার মা বঙ্গমাতা বেগম ফজি-লাতুন্নেছাকে। ৭ জুনের কর্মসূচি সফল করতে তিনি অনন্য ভূমিকা পালন করেছিলেন। স্মরণ করি ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদাত বরণকারী আমার পরিবারের সদস্যদের। শ্রদ্ধা জানাই জাতীয় চার নেতাকে এবং মহান মুক্তিযুদ্ধের সব শহীদ ও নির্যাতিতা মা-বোনকে।

ছয় দফা দাবির আত্মপ্রকাশ

১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারী লাহোরে চৌধুরী মোহাম্মদ আলীর বাসভবনে কাউন্সিল মুসলিম লীগের সভাপতি সৈয়দ মোহাম্মদ আফজালের সভাপতিত্বে বিরোধী দলের সম্মেলন শুরু হয়। সাবজেক্ট কমিটির এই সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছয় দফা দাবি পেশ করেন। প্রস্তাব গৃহীত হয় না। পূর্ব বাংলার ফরিদ আহমদও প্রস্তাবের বিরোধিতা করেন।

৬ ফেব্রুয়ারী পশ্চিম পাকিস্তানের কয়েকটি পত্রিকা এই দাবি সম্পর্কে



উল্লেখ করে বলে যে পাকিস্তানের দুটি অংশ বিচ্ছিন্ন করার জন্যই ছয় দফা দাবি আনা হয়েছে। ১০ ফেব্রুয়ারী বঙ্গবন্ধু শেখ মুজিব সংবাদ সম্মেলন করে এর জবাব দেন। ১১ ফেব্রুয়ারী তিনি ঢাকায় ফিরে আসেন। বিমানবন্দরেই তিনি সাংবাদিকদের সামনে ছয় দফা সংক্ষিপ্তাকারে তুলে ধরেন।

ছয় দফা দাবিতে পাকিস্তানের প্রতিটি প্রদেশকে স্বায়ত্তশাসন দেওয়ার প্রস্তাব ছিল। কিন্তু পাকিস্তানের অন্যান্য রাজনৈতিক দল এই দাবি গ্রহণ বা আলোচনা করতেও রাজি হয়নি। বঙ্গবন্ধু ফিরে আসেন ঢাকায়। আওয়ামী লীগের কার্যকরী কমিটিতে ছয় দফা দাবি পাস করা হয়। আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশনে এ দাবি গ্রহণ করা হয়। ব্যাপকভাবে এ দাবি প্রচারের সিদ্ধান্ত নেওয়া হয়। সিদ্ধান্ত হয়, দলের নেতারা সমগ্র পূর্ব পাকিস্তান সফর করে জনগণের কাছে এ দাবি তুলে ধরবেন। ছয় দফা দাবির ওপর বঙ্গবন্ধুর লেখা একটি পুস্তিকা দলের সাধারণ সম্পাদকের নামে প্রকাশ করা হয়। লিফলেট, প্যাম্ফলেট, পোস্টার ইত্যাদির মাধ্যমেও এই দাবিনামা জনগণের কাছে তুলে ধরা হয়।

কেন ছয় দফা দাবি

১৯৬৫ সালে পাকিস্তান ও ভারতের মধ্যে যে যুদ্ধ হয়েছিল, সেই যুদ্ধের সময় পূর্ববঙ্গ বা তদানীন্তন পূর্ব পাকিস্তানের জনগণ ছিল সম্পূর্ণ অরক্ষিত। পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের কাছে এ অঞ্চলের সুরক্ষার কোনো গুরুত্বই ছিল না। ভারতের দয়ার ওপর ছেড়ে দেওয়া হয়েছিল পূর্ব বাংলাকে। ভারত সে সময় যদি পূর্ববঙ্গে ব্যাপক আক্রমণ চালাত, তাহলে ১২০০ মাইল দূর থেকে পাকিস্তান কোনোভাবেই এ অঞ্চলকে রক্ষা করতে পারত না। অন্যদিকে তখনকার যুদ্ধের চিত্র যদি পর্যালোচনা করি, তাহলে আমরা দেখি, পাকিস্তানের লাহোর পর্যন্ত ভারত দখল করে নিত, যদি না বেঙ্গল রেজিমেন্টের বাঙালী সৈনিকরা সাহসের সঙ্গে ভারতের সামরিক আক্রমণের মোকাবেলা করত।

পূর্ব পাকিস্তানে সেনা, নৌ ও বিমানবাহিনীর কোনো শক্তিশালী ঘাঁটি কখনো গড়ে তোলা হয়নি। পাকিস্তান সেনাবাহিনীর ১৪ ডিভিশনের একটি হেডকোয়ার্টার ছিল খুবই দুর্বল অবস্থায়। আর সামরিক বাহিনীতে বাঙালীর অস্তিত্ব ছিল খুবই সীমিত। ১৯৫৬ সালে দৈনিক ডন পত্রিকার এক প্রতিবেদনে বাঙালিদের অবস্থান তুলে ধরা হয়েছিল।

অর্থাৎ পাকিস্তান সামরিক বাহিনীতে সর্বোচ্চ পদে, তা-ও লেফটেন্যান্ট কর্নেল পদে মাত্র দুজন বাঙালি অফিসার ছিলেন। অথচ যুদ্ধের সময় বাঙালি সৈনিকরাই সব থেকে সাহসের পরিচয় দিয়েছিলেন।

ওই যুদ্ধের পর তাসখন্দে ভারত ও পাকিস্তানের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়, যা তাসখন্দ চুক্তি নামে পরিচিত।

ট্রাম্প-মোদি দু'জনই কি সব হারাবে

গৌতম দাস

চীন-ভারত সীমান্তের পূর্ব-লাদাখে উভয়পক্ষের সামরিক তৎপরতার কথা আমরা গত ২২ মে থেকে শুনে আসছি, যা গত সপ্তাহে একধরনের শঙ্কার চরমে উঠেছিল। এরপর গত ২৮ মে কানাঘুষা ব্যক্তিগত টুইট থেকে জানা যাচ্ছিল যে, মোদি সরকার নিজ মিডিয়াকে সীমান্তে সৈন্য সমাবেশের খবর কম গুরুত্ব দিয়ে ছাপতে গোপন প্রচার চালিয়েছে যাতে পাবলিক এই ইস্যুটাকে বিশেষ গুরুত্ব না দেয়। এরপর গত ২ জুন নিউ ইন্ডিয়ান এক্সপ্রেস পত্রিকা জানায়, সামরিক নেতৃত্ব পর্যায়ে আলোচনার মাধ্যমে ব্যাপারটা মিটিয়ে ফেলার উদ্যোগ নেয়া হয়েছে। আমাদের আজকের লেখার ইস্যু এ ঘটনায় সর্বশেষ অবস্থান প্রসঙ্গে যে এটা এখন কোথায় কোন দিকে গেছে বা যাচ্ছে।

এর আগের সপ্তাহে বলেছিলাম সীমান্তে চীন-ভারত সৈন্য মুখোমুখি এই অবস্থার পেছনের যতগুলো ঘটনা আছে এর মধ্যে অন্যতম হলো ট্রাম্প-মোদির ব্যক্তিগত লাভালাভের স্বার্থ যেটা তাদের দুই সরকার বা প্রশাসনের অফিসিয়াল কোনো স্বার্থ বা ইস্যুই নয়। ট্রাম্পের প্রয়োজন আগামী নভেম্বরের নির্বাচনে নিজেকে আবার জিতিয়ে আনা। তাই ট্রাম্প তার সম্ভাব্য ভোটারদের দেখাতে চান যে তিনি চীনের বিরুদ্ধে আমেরিকার সব ধরনের স্বার্থ নিয়ে লড়াকু এক বেস্ট ক্যান্ডিডেট। যেহেতু চীনের উত্থানেই আমেরিকার গৌরব সব ধূসর ও ম্লান হয়ে গেছে। কাজেই সেই চীন-ধোলাই করতে সক্ষম একমাত্র ডোনাল্ড ট্রাম্পই আমেরিকার জন্য বেস্ট ক্যান্ডিডেট। এই হলো তার প্রপাগান্ডা মেসেজ। আর এই ইমেজ তৈরি করার ক্ষেত্রে মোদি ট্রাম্পের প্রধান সহযোগী হতে গেছেন। কারণ এতে বিনিময়ে তারও ব্যক্তি লাভ-স্বার্থ আছে। অর্থনৈতিক অবস্থার দিক থেকে করোনার আগে থেকেই ভারতের মোদি সরকার খুবই খারাপ অবস্থায় ছিল। এর ওপর এখন করোনার কারণে অবস্থা আরো খারাপ। কাজেই তার সরকারের অর্থনৈতিক পারফরম্যান্স এখন পাবলিকের কাছে বিরাট প্রশ্নবোধক। অতএব সরকারের পারফরম্যান্স ও যোগ্যতা থেকে পাবলিকের অভিযোগ অসন্তোষের মন ও চোখ সরাতে, হয় পাকিস্তান অথবা চীনের সাথে কোনো সীমান্ত টেনশন তৈরি করা আর সেখান থেকে অবাস্তব হলেও, মোদি কোনোভাবে নিজেকে অন্তত একবার বিজয় অর্জনকারী বীরের ভূমিকায় হাজির করতে পারলে তিনি মনে করেন সেটি এক 'বিরাট অর্জন' ও সব অর্থনৈতিক ব্যর্থতা ঢেকে ফেলার চাদর-কাভার হতে পারে। মোদির তাই লক্ষ্য হচ্ছে, ট্রাম্পের 'খেপ মেরে' দেয়ার বিনিময়ে নিজের জন্য এই অর্জন নিশ্চিত করা। তাই তিনি চীন-ভারত সীমান্ত টেনশনে ইতোমধ্যে 'ট্রাম্প মধ্যস্থতা করতে চান'- এই প্রস্তাব বাজারে ট্রাম্পকে দিয়েই হাজির করাতে পেরেছেন।

এসব মিলিয়ে পরিকল্পনা মতে, গত ২ জুন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ভারতের 'নিউজ১৮' টিভিকেই এক একান্ত সাক্ষাৎকার দিয়ে বসেন। কেন নিউজ১৮ টিভি? ব্যাপারটাকে আমরা এভাবে পাঠ করতে পারি যে, ওই সাক্ষাৎকারটার মানে হলো, ইতোমধ্যে চীন-ভারত সীমান্ত টেনশন ইস্যুতে ভারত-আমেরিকান কূটনৈতিক আলোচনা ইতোমধ্যে সমাপ্ত হয়ে গেছে। সেখানে পরস্পরের অসুবিধা আর প্রয়োজনগুলো নিয়ে জানা-জানানো ও পরস্পরের পছন্দ হয় এমন অবস্থানও সাব্যস্ত হয়ে গেছে। এখন ওই আলোচনায় কী সাব্যস্ত হয়েছে মোদি সরকার কী মেনেছেন এর পরোক্ষ অফিসিয়াল স্বীকৃতি বা রেকর্ড তৈরি করে রাখতেই ওই সাক্ষাৎকার দেয়া। কিন্তু তাহলে সেটা কেবল নিউজ১৮ টিভিকে দেয়া কেন? কারণ নিউজ১৮ আর সিএনএন কোনো কোনো প্রোগ্রাম জয়েন্ট ভেঞ্চারে সম্পর্কে চলে। অর্থাৎ সিএনএনের ভারতে কোনো স্বার্থ থাকলে সেটা নিউজ১৮-ই দেখাশুনা করে থাকে। এই অর্থে রাজনাথের ওই

নামাজের সময়-সূচী

জুন	০৭	০৮	০৯	১০	১১	১২	১৩
ফজর	৩.৫৭	৩.৫৫	৩.৫৫	৩.৫৫	৩.৫৫	৩.৫৫	৩.৫৫
সূর্যোদয়	৫.২৫	৫.২৪	৫.২৪	৫.২৪	৫.২৪	৫.২৪	৫.২৪
জোহর	১২.৫৭	১২.৫৭	১২.৫৭	১২.৫৮	১২.৫৮	১২.৫৮	১২.৫৮
আসর	৬.০৮	৬.০৯	৬.০৯	৬.০৯	৬.১০	৬.১০	৬.১০
মাগরিব	৮.২৭	৮.২৮	৮.২৮	৮.২৯	৮.৩০	৮.৩০	৮.৩০
এশা	৯.৫৫	৯.৫৬	৯.৫৬	৯.৫৮	৯.৫৯	৯.৫৯	৯.৫৯

হিন্দু লাইফ মেটারস ইন বাংলাদেশ

যুক্তরাষ্ট্রে জর্জ ফ্লয়েড থেকে বাংলাদেশে নিখিল তালুকদার হত্যা



শিতাংশু গুহ

যুক্তরাষ্ট্রের মিনিয়াপলিসে কৃষাঙ্গ জর্জ ফ্লয়েড হত্যাকান্ডের পর মে মাসের ২৬ তারিখ থেকে আন্দোলন শুরু হয়, এখনো তা চলছে। শ্বেতাঙ্গ পুলিশ অফিসার ডেরেক চৌভিন কনেল্ট আট মিনিট ছিচল্লিশ সেকেন্ড হাটু দিয়ে জর্জ ফ্লয়েড'র গলা চেপে ধরেছিলেন। এ সময় জর্জ ফ্লয়েড ক'বার বলেছেন, 'আই কান্ট ব্রিথ'। আরো তিনজন পুলিশ অফিসার তাঁর সাথে ছিলেন, তাঁরা সরাসরি না হলেও পরোক্ষভাবে এতে জড়িত হয়ে পড়েছেন, বা তাঁদের কর্মকান্ড এই অপরাধ সংঘটনে সহায়ক হয়েছে অথবা তাঁরা এটি ঠেকাতে চেষ্টা করেননি। ডেরেক চৌভিন কনেল্ট গ্রেফতার হয়েছেন। তাঁর বিরুদ্ধে সেকেন্ড ডিগ্রী হত্যার চার্জ গঠিত হয়েছে। অভিযোগ প্রমাণিত হলে তার যাবৎজীবন কারাদন্ড হতে পারে। অন্য তিনজন অফিসারের বিরুদ্ধেও বিভিন্ন চার্জ আনা হয়েছে। অভিযোগ প্রমাণিত হলে সম্ভবত: সবারই বিভিন্ন মেয়াদে শাস্তি হবে, এড়ানোর সুযোগ নেই?

বাংলাদেশে দৈনিক প্রথম আলো বৃহস্পতিবার ৪ জুন 'গোপালগঞ্জে এএসআইয়ের পিটুনিতে যুবকের মৃত্যুর অভিযোগ' শীর্ষক একটি খবর ছেপেছে। এতে বলা হয়েছে গোপালগঞ্জের কোটালিপাড়া উপজেলার রামশীল ইউনিয়নের রামশীল গ্রামের নীলকান্ত তালুকদারে ছেলে নিখিল তালুকদার, ৩২ মঙ্গলবার ২ জুন ২০২০ অন্য তিনজনের সাথে বসে তাস খেলছিলেন। পুলিশ অফিসার শামীম উদ্দিন একজনকে নিয়ে সেখানে উপস্থিত হন। তারা গোপনে তাস খেলা ভিডিও করেন। এ সময় খেলোয়াড়রা টের পেয়ে দৌড়ে পালাতে চেষ্টা করেন। তিনজন পালতে সক্ষম হন, নিখিল ধরা পড়েন পুলিশ অফিসার শামীমের হাতে। নিখিল তালুকদারের কাকাতো ভাই মিলন তালুকদার প্রথম আলোকে জানান, 'আমার ভাই তাস খেলেছিলো। এ জন্য পুলিশের এএসআই হাঁটু দিয়ে আঘাত করে তার মেরুদন্ড ভেঙ্গে ফেলেন'।

ঢাকার অপর একটি দৈনিক সমকাল ৫ জুন একই সংবাদ প্রকাশ করেছে। সেখানে নিখিলের স্ত্রী ইতি তালুকদার বলেছেন, 'জমির ধান কেঁটে গোলায় তোলা হয়েছে। কাজ নেই। স্বামী অবসর সময়ে তাস খেলছিলো। এ সময় কোটালীপাড়া থানার এএসআই শামীম উদ্দিন একজন ভ্যানচালক ও এক যুবককে নিয়ে সেখানে যান। গোপনে মোবাইল ফোনে তাস খেলার দৃশ্য ধারণ করেন। তারা বিষয়টি টের পেয়ে খেলা রেখে দৌড়ে পালানোর চেষ্টা করে। অন্য তিনজন পালিয়ে গেলেও আমার স্বামীকে এএসআই শামীম ধরে মারধর শুরু করে। একপর্যায়ে হাঁটু দিয়ে তার পিঠে আঘাত করা হয়। এতে আমার স্বামীর মেরুদন্ডের তিনটি হাড় ভেঙ্গে যায়। তাকে প্রথমে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে ঢাকা পঙ্গু হাসপাতালে নিয়ে যাই। সেখানে বুধবার (৩ জুন) তিনি মারা যান।' তিনি বলেন, আমার স্বামী অপরাধ করে থাকলে তাকে ধরে নিয়ে যেত। বিচার হতো। এভাবে কেন তাকে পিটিয়ে মেরে ফেলা হলো! এখন আমার দুই শিশুসন্তানের ভবিষ্যৎ কী হবে। আমি এ হত্যার বিচার চাই।

রামশীল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খোকন বালা প্রথম আলোকে বলেছেন, ঘটনা শুনে তিনি এলাকায় গিয়ে মানুষের কাছ থেকে জেনেছেন যে, কোটালিপাড়া থানার এএসআই শামিম উদ্দিন হাঁটু দিয়ে নিখিল তালুকদারের পিঠে আঘাত করার ফলে মেরুদন্ড তিন খন্ড হয় যায়। পরে এক্স-রে-তে তা নিশ্চিত হয়? এটা অত্যন্ত দুঃখজনক। পরিবারের সদস্যরা বলেছেন, নিখিলকে মারপিট করতে থাকেন পুলিশ কর্মকর্তা। দৈনিক সমকালকে তিনি বলেছেন, নিখিল এলাকায় ভালো ছেলে হিসেবে পরিচিত ছিল। এভাবে পিটিয়ে মারাটা দুঃখজনক। পুলিশ আইনের লোক হয়ে এমন বেআইনি কাজ করলে জনগণ কোথায় গিয়ে দাঁড়াবে? অভিযুক্ত এএসআই শামীম উদ্দিন প্রথম আলোকে কোন কথা না বললেও সমকালকে বলেছেন, 'আমি কিছুই বলব না। ওসি স্যারের সঙ্গে কথা বলেন।' ওসি শেখ লুৎফর রহমান বলেন, নিখিলকে পুলিশ মারধর করেনি। সে দৌড়ে পালানোর সময় গাছের সঙ্গে ধাক্কা লেগে পড়ে গিয়ে কোমরে ব্যথা পেয়েছে।

পুলিশের বক্তব্য হাস্যকর। এই মৃত্যু'র দায় কে নেবে? পুলিশ দায় নেবে না? প্রশাসন, সরকার? জানা যায়, পুলিশ ভিকটিমের পরিবারকে চিকিৎসার জন্যে পাঁচ হাজার টাকা দিতে চেয়েছে, কিন্তু নিখিলের পরিবার তা গ্রহণকরেনি। আরো জানা যায়, ভিকটিম পরিবারকে আপোষের জন্যে চাপ দেয়া হচ্ছে। এলাকাটি প্রধানমন্ত্রীর নির্বাচনী এলাকা। প্রধানমন্ত্রী কি বিষয়টি দেখবেন? মিনিয়াপলিস পুলিশ প্রধান জর্জ ফ্লয়েড হত্যাকান্ডের জন্যে ক্ষমা চেয়েছেন। অনেক শহরে পুলিশ হাঁটু গেড়ে আন্দোলনকারীদের প্রতি সমর্থন ব্যক্ত করেছেন। বিভিন্ন শহরে মার্কিন পুলিশ স্পষ্টত: প্রমান করেছেন, একজন ডেরেক চৌভিন কনেল্ট'র অপকর্মের দায় তাঁরা নেবেন না? বাংলাদেশের পুলিশ কেন একজন অফিসার শামীম উদ্দিনের অপকর্মের দায় নেবে? একজন অফিসারের জন্যে পুরো পুলিশবাহিনী'র ভাবমুর্ত্তি ক্ষুন্ন হতে পারেনা? অপরাধী তিনি যেই হোন, তাঁকে ধরা পুলিশের কাজ, পুলিশ স্পষ্টত: তা করছে না?



যুক্তরাষ্ট্রে কৃষাঙ্গ জর্জ ফ্লয়েড হত্যাকান্ড এবং বাংলাদেশে নিখিল তালুকদার হত্যাকান্ডে একটি আশ্চর্য মিল রয়েছে? দু'টি ভিন্ন রাষ্ট্রে দু'জন পুলিশ অফিসার হাঁটু দিয়ে দু'জনকে হত্যা করলেন। অফিসার শামীম কি মিনিয়াপলিসের ডেরেক চৌভিন কনেল্ট এর অপকর্মে উদ্বুদ্ধ হয়ে এমন একটি অপকর্ম করতে পারলেন? নিখিল একজন সাধারণ কৃষক। তাঁর অপরাধ তাস খেলা। জর্জ ফ্লয়েডের অপরাধ ছিলো তিনি একটি জাল কুঁড়ি ডলারের নোট দোকানীকে দিয়েছিলেন। বিনা অপরাধ বা সামান্য অপরাধে দু'জন প্রাণ হারালো। উভয় দেশে দু'জন সংখ্যালঘু? কৃষাঙ্গ জর্জ ফ্লয়েড হত্যাকান্ড'র ভিডিও দেখে পুরো আমেরিকা তাঁর সমর্থনে ঝাঁপিয়ে পড়ে। বাংলাদেশে কি এমনটা আশা করা যায়? নিখিল হত্যাকান্ডের ভিডিও এখনো আসেনি, কেউ ভিডিও করেছেন কিনা তাও জানা যায়নি। ভিডিও থাকলে হয়তো বোঝা যেতো ঘটনার নৃশংসতা! ভিডিও থাকুক বা না থাকুক, একটি হত্যাকান্ড ঘটেছে, এটিকে এড়িয়ে যাওয়ার সুযোগ নেই? অথচ পুলিশ এড়িয়ে যাচ্ছে, একজন শামীম উদ্দিনকে বাঁচাতে পুরো পুলিশ প্রশাসনের ওপর কলংক লেপন করছে।

আমেরিকাতে বর্ণবাদ বিরোধী বিক্ষোভ চলছে। পুলিশ প্রশাসন দায়িত্ব নিচ্ছে। বাংলাদেশে ঠিক উল্টো। আমেরিকাতে বলা হচ্ছে, 'ব্ল্যাক লাইভ মেটারস'। বাংলাদেশেও 'হিন্দু লাইফ মেটারস' একটি শান্তিপূর্ণ আন্দোলন হতে পারে, বা হওয়া উচিত। এটি কারো বিরুদ্ধে নয়, সচেতনতা সৃষ্টির জন্যেই এর প্রয়োজন আছে। সংখ্যালঘুরা এই আন্দোলনটি শুরু করতে পারেন, সংখ্যাগুরুরা তাতে যোগ দেবেন। বাংলাদেশে বর্ণবাদ নাই, সাম্প্রদায়িকতা আছে। সাম্প্রদায়িকতার বিরুদ্ধে শুভ শক্তি'র উত্থানের এটি একটি সুযোগ এবং এর প্রয়োজন আছে। হোক শান্তিপূর্ণ আন্দোলন। তবে স্মরণ রাখতে হবে, করোনা'র প্রাদুর্ভাব চলছে। সামাজিক দূরত্ব, মাস্ক বাধ্যতামূলক থাকা উচিত। আন্দোলন করে করোনায় আক্রান্ত হওয়া যাবেনা। করোনা দূর হোক, আন্দোলন চলুক। শুধু পুলিশ নয়, সমাজ থেকে সকল ধরণের নৃশংসতা দূরীকরণে বাংলাদেশে একটি সুস্থ আন্দোলন দরকার আছে। 'হিন্দু লাইফ ম্যাটারস ইন বাংলাদেশ হোক সেই আন্দোলন।

নিউইয়র্ক
৬ জুন ২০২০

e-mail: guhasb@gmail.com;



মাননীয় প্রধানমন্ত্রীর কাছে খোলা চিঠি

মাননীয় প্রধানমন্ত্রী,

আমি সাধারণ এক গায়ক, যন্ত্রী। আপনার কাছে লিখলাম চিঠি বড়ই সাহস করে, সত্যি-মিথ্যে যাচাই করবেন চিঠির ভাষা ধরে। গণতন্ত্রের মানস কন্যা আপনি, দেশরত্ন আপনি ছাড়া কে আর করবে মানবতার যত্ন। সংখ্যালঘু নির্বিচারে নির্যাতিত দেশে গণতন্ত্র বিক্ষত আলামত সর্বনেশে! অসহায় ওই হিন্দুরা আজ স্বদেশে প্রবাসী সংখ্যালঘুর ক্রান্তিলগ্ন সময় সর্বগ্রাসী! ওরা- আতংকিত! বিভীষিত! হাত, পা, মুখ বাঁধাও কত হিন্দু ভিটে বাড়ি ছাড়ছে রাতের আঁধারে! সাভার, চাঁদপুর, চাটগাঁ, রংপুর, আশাশুনি, জামালপুর সাতক্ষীরা আর পিরোজপুরে আর্তনাদের করুণ সুর! কেউ কেউ বলে ধর্মসন্ত্রাস! আমি করি- 'না' যুক্ত বিশ্লেষকে বলেন- ওরা সব রাজনৈতিক দলভুক্ত! প্রশাসনের কেউ কেউ যুক্ত সুকৌশলে স্ববলে হায়রে যারা ভূত তাড়াবে তারাও ভূতের কবলে! পঞ্চগড়ের কারাগারে ষড়যন্ত্রের মন্ত্রণায় আমার ভাইকে পুড়ে মারে নরকদগ্ধ যন্ত্রণায়! ওরা-আমার মাকে গাছে বেঁধে আদিম উল্লাসে মাতে আমার বোনকে গণধর্ষণ করছে আজ দিন-রাতে!



তুমি- বিদুষী নারী, তুমি বোঝো শ্লীলতার কি মূল্য সংখ্যালঘু বলে কি আজ পশুর সাথে তুল্য? একটা কিছু করো নেত্রী একটা কিছু করো সম্ভ্রমহারা আমার বোনের হাত দু'খানা ধরো। কতভাবে বর্বরতার চিহ্ন ওরা রেখে যায় কিছু প্রকাশ হলেও বেশী অপ্রকাশই থেকে যায়! বোবা যেমন স্বপ্ন দেখে পারে না সে কইতে সংখ্যালঘুর তেমনি দশা নিজের দেশে রইতে! সবাই যেনো বোবা কালা জীবন অভিশাপ জন্মই হলো সংখ্যালঘুর আজন্ম এক পাপ! তারপরেও ছাড়তে চাই না সোনার বাংলাদেশ তোমার কাছে এই আকুতি করলাম আমি পেশ। বিদায় বেলায় প্রিয় নেত্রী চাইবো আমি আজ কী আর চাইছি শুধু নিরাপদে বেঁচে থাকার অধিকার।

আপনার সদয় দৃষ্টি ভিন্ন অন্য আর কিছু যাচি না জানি-সংখ্যালঘুর শেষ ভরসা জননেত্রী শেখ হাসিনা।

- নকুল কুমার বিশ্বাস
সঙ্গীত শিল্পী

সিলেটের গোয়াইনঘাট প্রেসক্লাবের নির্বাচন : ভোটারদের কাছে প্রত্যাশা

সিলেটের গোয়াইনঘাট উপজেলা পেপ্রসক্লাবের নির্বাচন অত্যাসন্ন। আগামী ১৫ জুন সোমবার ভোট উৎসবে মেতে উঠবেন জাতির বিবেক সাংবাদিকরা। সিলেটের ঐতিহ্যবাহী গোয়াইনঘাট উপজেলার গণমাধ্যমকর্মী তথা ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া সাংবাদিকদের প্রিয় সংগঠন 'গোয়াইনঘাট প্রেসক্লাব' এর নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। আশা করছি প্রাচীনতম এই উপজেলার সাংবাদিকরা আগামী দুই বছরের জন্য গোয়াইনঘাটবাসীকে সুন্দর একটি কমিটি উপহার দিবেন। এরপরও জন্মভূমি গোয়াইনঘাটের অগ্রজ-অনুজ সাংবাদিকদের প্রতি আকুল আবেদন, যারা ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান 'গোয়াইনঘাট প্রেসক্লাব'-কে হৃদয়ের গভীরে স্থান দিয়ে এগিয়ে নিতে চান, যারা সাংবাদিকতার জগতে সুনাম কুড়িয়ে আসছে, যাদের মেধা, মনন, সৃজনশীলতা, সততা ও যোগ্যতা অন্যের চেয়ে বেশি, যারা স্বচ্ছ ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতায় সত্যিকারার্থে অনন্য অবদান রেখে চলেছেন এবং যারা সাংবাদিকতা নামক মহান তথা চ্যালেঞ্জিং পেশার মান-মর্যাদাকে সমুন্নত রাখার যোগ্যতা রাখেন, তাদেরকে আপনার মূল্যবান ভোট দিয়ে নির্বাচিত করুন।



তবে মনে রাখবেন, সকল পেশাদার সাংবাদিকদের আদর্শ ও উদ্দেশ্য এক এবং অভিন্ন। তাদের মাঝে সর্বদা মেধা ও মননের প্রতিযোগিতা থাকবে। তবে সেটা হবে সুস্থ, সুন্দর, সৃজনশীল ও উত্তম পন্থায়। প্রত্যাশা করছি গোয়াইনঘাট প্রেসক্লাব-এর সদস্যরা এ ধারা অব্যাহত রাখতে সক্ষম হবেন ইনশা আল্লাহ। সিলেটের গোয়াইনঘাট প্রেসক্লাবের অনুষ্ঠিতব্য নির্বাচনে ভোটারদের কাছে উপরোক্ত প্রত্যাশায়-

মাওলানা রশীদ আহমদ
সম্পাদক, ইয়র্ক বাংলা
নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব, সাংগঠনিক সম্পাদক ও আজীবন সদস্য, গোয়াইনঘাট প্রেসক্লাব।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ম্যারিজ-ডিভোর্স
● ক্রিমিনাল ● ডিভোর্স গড্ বিডিস্

সকল আইনের সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq.
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-686-0066, Fax: 212-686-0066, Email: azizlit@yahoo.com
421 7th Avenue, Suite#305, New York, NY 10001

বাংলা পত্রিকা
পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ



অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

We are on Facebook

Cell: 917-459-7181

website: www.digitaltraveltour.com

জর্জ ফ্লয়েড থেকে নিখিল তালুকদার

বৈষম্য বিরোধী আন্দোলনের সাথে নির্মূল কমিটির একাত্মতা ঘোষণা

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্রের মেনিসোটায় শ্বেতাঙ্গ পুলিশ কতৃক কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েডকে হত্যার ঘটনায় বর্ণবৈষম্য বিরোধী আন্দোলন যুক্তরাষ্ট্রের গন্ডি পেরিয়ে যখন গোটা বিশ্বে ছড়িয়ে পরেছে, ঠিক তখনি একই কায়দায় মাতৃভূমি বাংলাদেশেও পুলিশ কতৃক সংখ্যালঘু কৃষক নিখিল তালুকদারকে হত্যা করা হয়। একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি নিউইয়র্ক চ্যাপ্টার যুক্তরাষ্ট্রে জর্জ ফ্লয়েড এবং বাংলাদেশে নিখিল তালুকদার হত্যাকা-ের তীব্র নিন্দা জানিয়ে ধর্ম ও বর্ণ বৈষম্য বিরোধী সকল আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা করে গত ৭ জুন রোববার জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে এক আলোচনা সভার আয়োজন করেন।

একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি নিউইয়র্ক চ্যাপ্টারের সভাপতি ফাহিম রেজা নুর-এর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক স্বীকৃতি বড়ুয়ার পরিচালনায় সভার শুরুতেই ৭ জুন 'ঐতিহাসিক ৬ দফা দিবস' উপলক্ষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানানো হয়। সভায় সংগঠনের উপদেষ্টা মন্ডলীর সভাপতি মুক্তিযোদ্ধা ড. নুরুন নবী বলেন বর্ণ বৈষম্য বিরোধী যে আন্দোলন বর্তমানে হচ্ছে, এটা শুধু কৃষ্ণাঙ্গদের আন্দোলন নয়, এটা আমাদের সকলের আন্দোলন কারণ ধর্ম বা বর্ণ বৈষম্যের শিকার আমরাও প্রতিনিয়ত হই এবং ভবিষ্যতেও হতে পারি। যুক্তরাষ্ট্রে বৈষম্য আগেও ছিল, কিন্তু ডোনাল্ড ট্রাম্প আসার পর এটা আরও অনেক বৃদ্ধি পেয়েছে। এই দেশের প্রেসিডেন্ট হয়ে সে বর্ণ বা ধর্মীয় বৈষম্য বন্ধ করার কোন চেষ্টাতো করেই নি, তার উপর বর্ণ বৈষম্য বিরোধী এই মানবধিকার আন্দোলনকে নিয়ে বিরূপ মন্তব্য করেছে। আগামী নভেম্বরে প্রেসিডেন্ট নির্বাচনে সরকার পরিবর্তনের মাধ্যমে বৈষম্যের বির-দ্ধে রায়ের সুযোগ আছে, আমি মনে করি আমেরিকার জনগণ নির্বাচনের সুযোগকে কাজে লাগিয়ে তার যথাযথ উত্তর দিবেন। আর বাংলাদেশে নিখিল তালুকদেরকে যেভাবে হত্যা করা হয়েছে এটা অত্যন্ড় দুঃখজনক। আমাদের দেশে যে সমস্যাটা হচ্ছে, যতক্ষণ পর্যন্ড় মাননীয় প্রধানমন্ত্রী হস্ড়ক্ষেপ না করেন ততক্ষণ পর্যন্ড়প্রশাসন থেকে মন্ত্রণালয় পর্যন্ড় কোন পদক্ষেপ গ্রহণ করেন না, এটা খুবই দুঃখজনক। আমি এই ধরনের হত্যাকা-ের যথাযথ বিচার দাবি



করছি। নিউইয়র্ক থেকে প্রকাশিত সাপ্তাহিক বাঙালীর সভাপতি ও সংগঠনের উপদেষ্টা সাংবাদিক কৌশিক আহমেদ বলেন যুগে যুগে আমরা বৈষম্যবাদ দেখেছি, কিন্তু সাথে সাথে এটাও আমরা দেখেছি মানুষের সভ্যতাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বৈষম্যের বির-দ্ধে যুদ্ধ হয়েছে এবং এই বৈষম্য বিরোধী যুদ্ধ যে শেষ হয়ে যায়নি জর্জ ফ্লয়েড হত্যাকা-ের মধ্য দিয়ে তা আবার দেখতে পাচ্ছি। জর্জ ফ্লয়েড একজন প্রতীক, এই যুক্তরাষ্ট্রে গত ৩০ বছর পুলিশি নির্যাতনে যাদেরকে হত্যা করা হয়েছে তাদের সকলের গায়ের রং কিন্তু কালো। শুধু আমেরিকানরা নয়, সারা বিশ্বের মানুষ মনে করছে জর্জ ফ্লয়েডকে কালো বলেই নির্মমভাবে হত্যা করা হয়েছে। আমেরিকার মত একটি সভ্য দেশেও আমরা দেখতে পাই মানুষকে বিচার করা হয় তার গায়ের রং দিয়ে, তার ধর্ম দিয়ে কিংবা তার ইমিগ্রেসন স্ট্যাটাস দিয়ে। বাংলাদেশেও বৈষম্য আছে, সেটা হচ্ছে ধর্মীয় বৈষম্য। কিন্তু পার্থক্য হচ্ছে এখানে সাধারণ মানুষ বৈষম্যের বির-দ্ধে প্রতিবাদমুখর হয়ে রাস্ড়ায় নেমে আসে, যেটা আমরা বাংলাদেশে দেখতে পাইনা। এখানে মানুষ যেভাবে রাস্ড়ায় নেমে এসেছে সেটা আমাকে আশা জাগায়, এভাবে মানুষ যেখানেই প্রতিবাদমুখর হবে সেখানেই বৈষম্য অনেকটাই কমিয়ে আনা যাবে বলে আমি মনে করি।

মুক্তিযোদ্ধা সুব্রত বিশ্বাস বলেন জর্জ ফ্লয়েডকে শ্বাসর-দ্ধ করে হত্যা করা হয়েছে এবং যুক্তরাষ্ট্র সহ বিশ্বের বিভিন্ন দেশে প্রতিবাদ হচ্ছে, আর যখন প্রায় একই কায়দায় বাংলাদেশের কোট-ালিপাড়ায় গরীব কৃষক নিখিল তালুকদারকে তার মের-দ- ভেঙ্গে দিয়ে হত্যা করা হয়, তখন আমরা তেমন কোন আন্দোলন কিংবা প্রতিবাদ দেখতে পাইনা। এমনকি একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি কেন্দ্রীয় কমিটি থেকে তেমন প্রতিবাদ দেখতে পাইনি। তাহলে কি ধরে নিতে হবে জর্জ ফ্লয়েড একজন মানুষ, কিন্তু বাংলাদেশের সংখ্যালঘু বলে, গরীব বলে, কৃষক বলে নিখিল তালুকদার মানুষ নয় এবং তার পরিবার বিচার পেতে পারে না? বাংলাদেশের বিভিন্ন জেলা উপজেলায় সংখ্যালঘুরা প্রতিনিয়ত নির্যাতিত হচ্ছে, কিন্তু এই ধর্মীয় বৈষম্য বন্ধের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না। ভারতে দলিতরা প্রতিনিয়ত বৈষম্যের স্বীকার হচ্ছে, পাকিস্ড়ানে সংখ্যালঘুরা প্রতিনিয়ত বৈষম্যের স্বীকার হচ্ছে। আমি আশা করব একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি ভারত শাখা এবং পাকিস্ড়ান শাখা নিজ নিজ দেশে বৈষম্যের বির-দ্ধে সক্রিয় ভূমিকা পালন করবেন। সংগঠনের উপদেষ্টা সাংবাদিক শীতাংশু গুহ বলেন জর্জ ফ্লয়েড হত্যাকান্ডে আমরা নিন্দা জানাই এবং এই আন্দোলনের সাথে সহমত পোষণ করি। কিন্তু বাংলাদেশে একেই কায়দায় যে হত্যাকা- ঘটল এই নিয়ে আমাদের সুশীল সমাজের সুশীলরা নীরব এবং আমরা জানতে পেরেছি একটা সময় পর্যন্ড় মামলাও করতে দেওয়া হয়নি, পরে টাকা পয়সা দিয়ে এই হত্যাকা-ের মীমাংসা করার চেষ্টা করা হয়েছে। আমরা বিচারহীনতা দেখতে চাই না। এই নির্মম হত্যাকান্ডের বিচার দাবি করছি এবং বাংলাদেশের সকল মানবিধকার সংগঠন এই হত্যাকান্ডের বিচার দাবিতে যথাযথ ভূমিকা পালন করবেন বলে আশা করছি।

সমাপনি বক্তব্যে সভাপতি ফাহিম রেজা নূর বলেন যুক্তরাষ্ট্রে বর্ণ বৈষম্য বিরোধী আন্দোলনের সর্বশ্রেণীর জনগণের যে স্বতঃস্ফূর্ত সমর্থন তা দেখে বুঝা যায় পরিবর্তনের সময় এসেছে এবং আগামী নভেম্বরে পরিবর্তন আশা করা যায়। আমাদের দেশে যে হত্যাকা- ঘটেছে তার তীব্র নিন্দা জানাই এবং দ্র-ত বিচার দাবি করছি, তবে আন্দোলনের নামে বাংলাদেশে যেন কেউ বিশৃঙ্খলার সৃষ্টি না করতে পারে সেই ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে হবে। তিনি অংশগ্রহণকারী সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট



New Price

বিশাল মূল্যহ্রাস

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কলার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি

৬টি কলার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)

৩টি হার্ড চিকেন $12.99 (১টি ব্রাউন হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-

রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস

এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, রুং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



সাইজ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাবেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

লাইভ ক্যাটফিস, স্যালমন, স্ট্রাইপ ব্যাস, সী বাস, স্নেপার, স্কুইড, প্রন, বাংলাদেশী পমফ্রেট টিড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

রেগুলার আলমন্ড বাইন	$17.99
আফ্রিকা বালকাটি বাইন	$17.99
আফ্রিকা পাকসেজেস বাইন	$9.99
ডোমার বালকাটি বাইন	$18.99
বাহার বালকাটি বাইন	$13.99
হলদার বালকাটি বাইন	$12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm

Direction: R. G. Viruso Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)

718.205.7200 917.295.4011

H Hakim & Co Multiservices

One Stop Solutions For Community Needs



TAX & Immigration Service



Rukon Hakim
Tax Preparer
917-362-2442

Manna Muntasir
Tax Preparer
929-332-9125

এখান থেকে বাংলাদেশে টাকা পাঠানো হয়

Money Transfer

Ria MONEY TRANSFER

Individual Tax Filing

- Tax Files
- Real Estate
- Citizenship Application
- Immigration Visa Application
- Green Card Renewal Applicat
- Passport Application
- Bill Payments
- Notary Public
- Affordable Housing Application
- Medicaid & Medicare Application

& much more...

IRS e-file

INSTANT Refund

INSTANT CASH PICK-UP

SEND MONEY WORLDWIDE Authorized Money Transfer Agent

SUNMAN

vigo by Western Union

AB Bank রূপালী ব্যাংক

নির্ভরযোগ্য ভ্রমনের জন্য আজই আসুন
নুন্যতম মূল্যে সর্বোত্তম সেবার প্রতিশ্রুতি

Airline Tickets
(এয়ার লাইন টিকেট)
INTERNATIONAL & DOMESTIC FLIGHTS
বাংলাদেশ সহ বিশ্বের যেকোন স্থানে ভ্রমণের জন্য
সুলভ মূল্যে বিমান টিকেট পেতে আমাদের সেবা নিন

718-775-3436

WE ARE OPEN 7 DAYS
আমরা সপ্তাহে ৭ দিন ই খোলা

3156 Bainbridge Ave, Bronx NY 10467

www.hakimmultiservices.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী



PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, কোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

- প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়,
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট,
- ফ্যাক্স সার্ভিস,
- ৯৯ সেন্ট-এ উপহার কার্ড,
- ফিল্ম প্রসেসিং



PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা আশা করি আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী এবং এটর্নি জন রিভস

বাংলা পত্রিকা'র ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো শুভচ্ছা ও ধন্যবাদ।

আশা করি করোনাভাইরাসের ভয়াল আগ্রাসন থেকে আপনারা সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য।

আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতোটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

ইউএস সিটিজেনশীপ ও ইমিগ্রেশন কার্যক্রম শুরু করার জন্য এই জুন মাস থেকে খুলতে থাকবে।

ইমিগ্রেশন কোর্ট কোভিড-১৯ এর কারণে বন্ধ রাখা হয়েছে এবং বারবার বন্ধের সময় বর্ধন করা হয়েছে। এখন সব ইমিগ্রেশন কোর্ট আগামী ২৬ জুন খোলার তারিখ ঘোষণা করা হওয়ছে। তবে ব্যতিক্রম হিসেবে হাওয়াই-এর অফিস খোলা হবে ১৫ জুন। যে সব শুনানী খোলার তারিখের পূর্বে নির্ধারিত হয়েছিলো, তা বাতিল করে নতুন তারিখ ধার্য করা হবে। কোর্ট খোলার পর মানুষ নতুন শুনানির তারিখের নোটিশ পাবেন।

কিছু কিছু ইউএসসিআইএস অফিস ইন্টারভিউ গ্রহনের জন্যে ৪ জুন ২০২০ তেকে পুনরায় খুলে দেয়া হয়েছে। এর আগ পর্যন্ত অফিসসমূহ বন্ধ ছিলো। তবে যাদের লিজ দেশে পরিবারের কোন সদস্যের মুত্যু ঘটে তাদের ক্ষেত্রে জরুরী ব্যবস্থায় এই কার্যক্রম চালু থকে। তবে নিউইয়র্ক সহ অনেক ইমিগ্রেশনের অফিসই পুনরায় নোটিশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে। নিউইয়র্ক অফিস কখন খোলা হবে তা এখনও জানা যায় নাই। অফিস যখন খুলবে তখন করোনা ভাইরাসের সংক্রমন রোধে গাইড লাইন জেনে চলতে হবে। নির্ধারিত সময়ের ১৫ মিনিট আগে কোর্ট বিল্ডিং এ প্রবেশ করতে হবে। তার আগে কাউকে বিল্ডিংএ প্রবেশ করতে দেয়া হবে না। একজন থেকে আরেকজনের দূরত্ব বজায় রাখার জন্যে মার্কিং করে দেয়া হবে।

বিল্ডিং এ ঢোকার আগে কারো করোনা উপসর্গ আছে কিনা তা জিজ্ঞেস করা হবে। কাশি অথবা শ্বাসকষ্টের মতো কারো উপসর্গ থাকলে তাদের বিল্ডিং এর ভেতরে ঢুকতে দেয়া হবে না। কারো যদি কোভিড উপসর্গ থাকে কিংবা এরকম কোন মানুষের উপসর্গ ছিলে বা আছে- তাদের বাড়িতে অবস্থান করতে বলা হয়েছে। কেউ এইসব বিধি মান্য না করলে তাদের এপয়েনমেন্টের তারিখ পুনঃ নির্ধারণ করা হতে পারে। প্রত্যেককে নিজ নিজ কলম সঙ্গে আনতে হবে।

নিউইয়র্ক থেকে ফাহাদ হোসেনের প্রশ্নঃ

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6200 | (718) 327-6004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

মোগাজেক

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ ষ্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

এস্টোরিয়ার প্রাণকেন্দ্রে বাংলাদেশী ফার্মেসী

আমিন ফার্মেসী

সর্বদা ১০% Off

আমরা মেডিকেইড (বেনিফিট), সিবিএস এন্ড
কেয়ারমার্ক, মেডিকেয়ার, বি এবং ডি, সহ
সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করি।

MONSUR CHOWDHURY
Pharm D.R.Ph.
Supervising Pharmacist

29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611
Fax: (718) 786-6613

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসার আমেরিকার আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকার অধিকাংশ বৈধ কাগজ-পত্রবিহীনদের যে কোন আইনী প্রতিকার মাধ্যমে দিতেকে আপডেট মাখা আলবী"

যোগাযোগ :
917-982-5682
Email: rashinnaskamood@yahoo.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration




*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্রকার ইমিগ্রেশন কাজ করানো নিশ্চয়তা

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-413-6968, Tele/Fax: 917-770-7367
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

As Seen On TV

SPRING IS HERE: ARE YOU WORKING IN CONSTRUCTION?



Perry D. Silver
ATTORNEY LICENSED TO PRACTICE LAW IN THE COURTS OF THE STATE OF NEW YORK

Office: 212.661.8400
60 East 42nd Street, Suite 2212, New York, NY 10165 • Fax: 212.661.1242

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC
37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

তড়িৎ বাড়ী বিক্রি করে ফোরক্লোজার বন্ধ করুন এবং ক্রেডিট কার্ড রক্ষা করুন এই বিষয়ে আমরা সততার সাথে সাহায্য করি।

Omni Realty
The Realty People




118-18 101 Avenue
Richmond Hill,
NY 11419

Nurul Huda Harun
Real Estate
Associate Broker

Tel: 718-441-7000
Fax: 516-441-3548
Cell: 917-238-4161

nurul@omnirealty.com


ব্রঙ্কসে পার্কচেস্টারের প্রাণকেন্দ্রে
সবচেয়ে সুন্দর পার্টি হল
AL - AQSA
PARTY HALL
১০০ থেকে ১৫০ জন এর
ধারণ ক্ষমতা সম্পন্ন
বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন, বেবী শাওয়ার, সুইট সিক্সটিন, সহ যে কোন সামাজিক পার্টি ও
সভা-সেমিনারের জন্য অত্যন্ত মনোরম পরিবেশ
2107 Starling Avenue,Bronx, NY 10462
718-904-7061, 347-479-8629


ব্রঙ্কসে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে পুরনো ও সর্ববৃহৎ
AL AQSA RESTAURANT
কাচ্চি বিরিয়ানী, তেহারী, কাবাব, ডাল-ভাত, মাছ-মাংস, ভাজি-ভর্তা, সিঙ্গারা,
সমুচা, মোগলাই পরাটা, রসমালাই, চমচম সহ সব ধরণের খাবার পাওয়া যায়।
সেই সাথে রয়েছে মালাই চা
Al Aqsa Restaurant
حلال
HALAL
Indian & Bengali Cuisine


ব্রঙ্কসের পার্কচেস্টারে একমাত্র হাউজ হোল্ড ডিসকাউন্ট ষ্টোর
AL AQSA Household Discount Store
সংসারের যাবতীয় প্রয়োজনীয় জিনিসপত্র, মেলামাইন,
প্লাস্টিক ও এলুমিনিয়াম, হাড়ি-পাতিল, কাপ-প্লেট,
বালতি, মগ,জগ, বদনা, ষ্টেইনলেসের চামচ,
কাটা চামচ, ইলেকট্রিক প্রেশার কুকার, রাইস কুকার,
টোস্টার, ব্লেন্ডার, জুসার সহ সবকিছু পাওয়া যায়
ব্রঙ্কসের বাংলাবাজারে সবচেয়ে বড় গ্রোসারী
AL AQSA Halal Meat & Supermarket
প্রতিদিন ফ্রেশ
সবধরনের হালাল মিট, মাছ, টাটকা শাক-সবজি,
চাল, ডাল, তেল, লবণ, মশলাপাতি,
ফলমূলসহ গ্রোসারী সামগ্রীর বিপুল সমাহার
718-904-0700

আক্রান্ত মন্ত্রী এমপিসহ ৮ ভিআইপি

(৩ পাতার পর)

এ ছাড়া গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরীও করোনা আক্রান্ত হয়ে ধানমন্ডিতে গণস্বাস্থ্য নগর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। করোনা আক্রান্ত হয়ে অবনতির দিকে গেলে গতকাল সন্ধ্যা সাড়ে ৬টার দিকে সিলেট সিটি করপোরেশনের সাবেক মেয়র, আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী সদস্য বদরউদ্দিন আহমদ কামরানকে বিমান বাহিনীর একটি এয়ার অ্যাম্বুলেন্সে ঢাকার নিয়ে আসা হয়।

কভিড-১৯ আক্রান্তদের মধ্যে সবচেয়ে 'আশঙ্কাজনক' অবস্থায় রয়েছেন আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য কেন্দ্রীয় ১৪ দলের মুখপাত্র ও সাবেক স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গত সাত দিন ধরে সাবেক এই স্বাস্থ্যমন্ত্রী রাজধানীরশ্যামলীর বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে চিকিৎসাধীন আছেন। এর মধ্যে শুক্রবার সকালে তার 'ব্রেন স্ট্রোক' হওয়ার পর সেখানেই মস্তিষ্কে অস্ত্রোপচার করা হয়। অস্ত্রোপচারের পর নিবিড় পর্যবেক্ষণে থাকা নাসিমের শারীরিক অবস্থা অবনতির দিকে গেলে ১৩ সদস্যের মেডিকেল বোর্ড গঠন করা হয়। তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্রের (আইসিইউ) ভেন্টিলেশন সাপোর্টে ৭২ ঘণ্টার পর্যবেক্ষণে রাখা হয়েছে। তিনি এখনো 'ডিপ কোমায়' রয়েছেন। মেডিকেল টিমের সদস্যরা গতকাল দুপুরে তার শারীরিক অবস্থা পর্যবেক্ষণ শেষে এমন তথ্য জানান। মেডিকেল বোর্ডের সদস্য ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপাচার্য ডা. কনক কান্তি বড়ুয়া বলেন, আমরা (মেডিকেল বোর্ড) শনিবার বিকালে যে অবস্থা দেখেছিলাম আজকেও (রবিবার) তিনি একই অবস্থায় আছেন। প্রায় ২৪ ঘণ্টা হতে চলেছে, এর মধ্যে শারীরিক অবস্থা অপরিবর্তিত রয়েছে। তিনি কোমায় আছেন। তার অবস্থার কোনো উন্নতিও হয়নি, অবনতিও হয়নি। ওনার পালস আগে যেভাবে চলছিল সেভাবেই চলছে। এ সময় মোহাম্মদ নাসিমের অবস্থা আগেরই মতোই সংকটাপন্ন বলেও জানান তিনি। প্রথম করোনা আক্রান্ত হন নওগাঁর শহীদুজ্জামান সরকার। গত ১ মে সাবেক হুইপ শহীদুজ্জামান সরকারের আক্রান্ত হওয়ার খবর আসে। শুরু থেকেই ন্যাম ভবনে নিজের ফ্ল্যাটে 'আইসোলেশনে' ছিলেন তিনি। দুই দফা পরীক্ষার পর রিপোর্ট আসে তিনি সংক্রমণমুক্ত। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি শহীদুজ্জামান সরকার গণমাধ্যমকে বলেন, 'আমি করোনাভাইরাস থেকে পুরোপুরি সুস্থ হয়ে এখন স্বাভাবিক কাজ করছি। স্বাস্থ্যবিধি মেনে ঘরবন্দী থেকে চিকিৎসা নিয়েছি। শ্বাস-প্রশ্বাসের সমস্যা না হলে ঘরে বসেই এ রোগ থেকে মুক্ত হওয়া যায়।'

সরকারের মন্ত্রীদের মধ্যে প্রথম আক্রান্ত বীর বাহাদুর উশৈসিং। ৬০ বছর বয়সী বীর বাহাদুর আগে থেকেই শ্বাসকষ্টে ভুগছিলেন। তার ডায়াবেটিসও রয়েছে। কক্সবাজার মেডিকেল কলেজের ল্যাবে নমুনা পরীক্ষায় গত শনিবার তার করোনাভাইরাস পজিটিভ আসে। গতকাল বান্দরবান থেকে তাকে হেলিকপ্টারে করে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) নিয়ে আসা হয়।

সংসদ সদস্যদের মধ্যে পুরো পরিবারসহ আক্রান্ত হয়েছেন চট্টগ্রামের বাঁশখালীর এমপি মোস্তাফিজুর রহমান চৌধুরী। তার পরিবারের ছয় সদস্যসহ তার বাড়ির মোট ১১ জন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। তারা চট্টগ্রাম শহরের নাসিরাবাদ রহমান নগর এলাকার বাড়িতে থেকে চিকিৎসা নিচ্ছেন বলে সংসদ সদস্যের ব্যক্তিগত সহকারী মোস্তাফিজুর রহমান রাসেল জানিয়েছেন। এমপি মোস্তাফিজুর, তার স্ত্রী, তিন মেয়ে, এক নাতনি ও এক জামাতা, তিন গৃহপরিচারিকা ও তার নিজের কভিড-১৯ পরীক্ষার ফল 'পজিটিভ' এসেছে। জামালপুরের এমপি ফরিদুল হক খানের আক্রান্ত হওয়ার খবর পাওয়া যায় ৪ জুন। ৬৭ বছর বয়সী ফরিদুল আপাতত জামালপুরে নিজের বাসাতেই চিকিৎসা নিচ্ছেন। তিনি গণমাধ্যমকে বলেন, আমার কোনো উপসর্গ দেখা যায়নি। পরীক্ষায় পজিটিভ ফল এসেছে। তাই বাড়িতে সম্পূর্ণ আইসোলেশনে থেকে ডাক্তারের পরামর্শ অনুযায়ী চলছি। দেশবাসীর কাছে দোয়া চাই।

ব্রাহ্মণবাড়িয়ার সংসদ সদস্য এবাদুল করিম বুলবুলের আক্রান্ত হওয়ার খবর আসার পর তার বড় ভাই ওরিয়ন গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ ওবায়দুল করিম জানিয়েছেন, নমুনা পরীক্ষার ফলাফল পজিটিভ আসার পর থেকে বাসাতেই তার ভাইয়ের চিকিৎসা চলছে। সরকারি দলের হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন বলেন, আক্রান্ত সংসদ সদস্যদের সার্বক্ষণিক চিকিৎসার খবর সংসদ থেকে নেওয়া হচ্ছে। আমরা আশা করি তারা দ্রুতই সুস্থ হয়ে উঠবেন। এর বাইরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের বাসার চারজন কর্মী করোনাভাইরাসে আক্রান্ত। এদিকে কয়েকটি সংবাদমাধ্যমে চট্টগ্রামের আরেক সংসদ সদস্য ফজলে করিম চৌধুরীর আক্রান্তের খবর এলেও তিনি জানিয়েছেন, তিনি নমুনা পরীক্ষা করিয়েছিলেন। তিনি সুস্থ আছেন। ডা. জাফরুল্লাহর অবস্থা স্থিতিশীল : করোনাভাইরাসে আক্রান্ত গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরীর শারীরিক অবস্থা এখনো স্থিতিশীল। গত দুই দিন ধরেই তার শ্বাসকষ্ট রয়েছে। গতকাল পর্যন্ত তা কমেনি। ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে থেকে তাকে নিয়মিত অক্সিজেন নিতে হচ্ছে। তবে কাশি কিছুটা কমেছে। খেতেও তার কষ্ট হচ্ছে। ডা. জাফরুল্লাহর চিকিৎসক গণস্বাস্থ্য নগর হাসপাতালের ব্রিগেডিয়ার জেনারেল (অব.) অধ্যাপক ডা. মামুন মুস্তাফি জানিয়েছেন, 'স্যারের অবস্থা স্থিতিশীল'। এদিকে গতকাল রাতে গণস্বাস্থ্য কেন্দ্রের জনসংযোগ কর্মকর্তা মো. ফরহাদ জানান, শুক্রবার রাতে স্যারকে (ডা. জাফরুল্লাহ চৌধুরী) আবারও প্লাজমা দেওয়া হয়েছে। তাকে ডায়ালাইসিসও করানো হয়েছে। আক্রান্ত হওয়ার পর এ নিয়ে তৃতীয়বারের মতো প্লাজমা থেরাপি নিলেন তিনি।

গত ২৫ মে ৭৯ বছর বয়সী জাফরুল্লাহ চৌধুরীর শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়। তিন দিন ধানমন্ডির বাসায় আইসোলেশনে থাকার পর ধানমন্ডির নগর হাসপাতালে ভর্তি হন তিনি। এয়ার অ্যাম্বুলেন্সে কামরান ঢাকায় : প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার নির্দেশনায় এবং পররাষ্ট্রমন্ত্রী ও সিলেট-১ আসনের এমপি ড. এ কে আবদুল মোমেনের প্রচেষ্টায় সিলেটের সাবেক মেয়র কামরানকে এয়ার অ্যাম্বুলেন্সযোগে ঢাকায় এনে সিএমএইচে ভর্তি করা হয়। জানা গেছে, গত শুক্রবার রাতে কামরানের করোনা রিপোর্ট পজিটিভ আসার পর শনিবার সকালে তিনি শহীদ শামসুদ্দিন আহমদ হাসপাতালে ভর্তি হন। সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ইউনুছুর রহমান বলেন, করোনার উপসর্গ ছাড়াও বদরউদ্দিন আহমদ কামরানের ডায়াবেটিস, হার্ট ও ফুসফুসে সমস্যা ছিল। সিলেটের অভিজ্ঞ চিকিৎসকদের সমন্বয়ে মেডিকেল বোর্ড গঠন করে সিলেটে তার চিকিৎসা চলছিল। তবে তার পরিবারের সদস্যদের ইচ্ছায় তাকে ঢাকায় নেওয়া হয়েছে।



করোনা পজেটিভ নিয়ে অর্থের অভাবে

(৩ পাতার পর)

করোনা উপসর্গে বা আক্রান্ত হয়ে মৃত ব্যক্তির পরিবারের লোকজন যখন দাফন করতে এগিয়ে আসেনি, সেই সময় মৃতদেহ দাফন করেন কাউন্সিলর মাকসুদুল আলম খন্দকার খোরশেদ। এছাড়াও করোনা পরিস্থিতির শুরু থেকে হ্যান্ড স্যানিটাইজার বানিয়ে মানুষের বাড়ি বাড়িসহ বিভিন্ন স্থানে বিতরণ ও সচেতনতা তৈরি করেছেন তিনি।

খন্দকার খোরশেদ জানান, গত ৩১ মে স্ত্রীসহ তিনি স্কয়ার হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি হন। তাঁর স্ত্রীর অবস্থা খুবই খারাপ ছিল। কিন্তু আর্থিক সংকটে আর পেরে উঠতে পারছেন না। ভর্তির পর থেকে দুজনের চিকিৎসায় বিল এসেছে ছয় লাখ ৭৫ হাজার টাকা। এই টাকার বাইরে খরচ করার ক্ষমতা তাঁর নেই। তাই হাসপাতাল থেকে চলে এসেছেন।

কাউন্সিলর আরও জানান, গতকাল পুনরায় তাঁদের নমুনা পরীক্ষা করা হয়। পরীক্ষার ফলাফলে তাঁর করোনা পজেটিভ এলেও স্ত্রীর নেগেটিভ আসে। কিন্তু তাঁর শরীরের অবস্থা খুব ভালো বলে ডাক্তারদের অনুরোধ জানিয়ে তিনি ছাড়পত্র নিয়ে। গত শুক্রবার চলে আসেন। এখন তিনি বাসায় আইসোলেশনে থেকে চিকিৎসা নিচ্ছেন। তাঁর স্ত্রীও পরদিন ছাড়পত্র নিয়ে চলে আসেন। নারায়ণগঞ্জে করোনা উপসর্গ ও করোনা আক্রান্তে মারা যাওয়া ৭২ জনের দাফন সম্পন্ন করে দেশজুড়ে প্রশংসিত হন কাউন্সিলর মাকসুদুল আলম খন্দকার খোরশেদ। এমনকি তিনি ও তাঁর টিম করোনায় মৃত হিন্দু ব্যক্তিদেরও সৎকার করেন। এ কারণে করোনা যোদ্ধা', 'সুপার হিরো', 'মানবতার ফেরিওয়ালা'সহ নানা খ্যাতি পেয়েছেন তিনি।

ONE
HAJJ & UMRAH

HAJJ
2020

PACKAGES FROM
$8,690
BASED ON QUAD SHARING
DOUBLE/TRIPLE AVAILBLE

5* SHIFTING HAJJ PACKAGE

DEPARTURE: 23RD JULY 2020 | RETURN: 19TH AUGUST 2020

PACKAGE INCLUDES

- Indirect Flights from NYC, Return from Madinah
- 7 Nights in Makkah 5* Hotel
- 5 Nights in Madinah 5* Hotel
- Hajj Visa & Drafts
- Apartments in Aziziyah (upto 6 sharing)
- Full Transportation
- Qurbani
- Air cooled tents in Mina with mattress
- Guided Ziyarahs in Makkah & Madinah
- English & Bengali speaking Tour Guides

MAKKAH HOTEL:
SAFWAH ROYALE ORCHID
OR SIMILAR



MADINAH HOTEL:
PULLMAN ZAMZAM HOTEL
OR SIMILAR



BREAKFAST ONLY IN 5* HOTELS | FULL BOARD IN AZIZIYAH

LIMITED SPACES
BOOK NOW TO AVOID DISSAPOINTMENT

(929)-777-4737 ONEHAJJUMRAH.US
LINES OPEN 10AM -10PM EVERYDAY | UNIT 3/12 34-18 NORTHERN BLVD, LONG ISLAND CITY NY 11101
IATAN asta IATA

ভ্রমণ সেবায় জগতে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

রহমানিয়া ট্রাভেল সার্ভিসেস

Rahmania Travel Services
Best Service is Our Goal

দেশে যাওয়ার পথে অল্প খরচে ওমরাহ্‌র সুযোগ নিন
ওমরাহ্ ভিসা ও হোটেলের ব্যবস্থা করে থাকি

Emirates KUWAIT IATA QATAR
Biman TURKISH AIRLINES SAUDIA

বাংলাদেশসহ পৃথিবীর যেকোন জেলা সদরের জন্য যাত্রায়
বিশ্বস্ত, নির্ভরযোগ্য ও সবচেয়ে কম ভাড়ায় টিকিট বিক্রয়ের নিশ্চয়তা

১০০% ভাগ
আমেরিকা থেকে সরাসরি
বিমান সহ ঘোষণা

Rahmani Express

Mojidara Al K Rahman Mahmud
President & CEO

Tel: 718-205-3270
718-205-2677
Cell: 646-322-1654
718-205-3271

দ্রুত ও বিশ্বস্ততার সাথে বাংলাদেশসহ পৃথিবীর
৩০টি দেশে অর্থ পাঠানোর সু-ব্যবস্থা

37-15 73rd Street, Suite 203 (Bangladesh Plaza) Jackson Heights, NY 11372,
Email : rahmaniatravel@yahoo.com

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় অাইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি ইমিগ্রেশন,লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। এই ভুলটি না করার জন্য করুন ডকুন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে "ত্ব লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, মারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টেপ ডিপোর্টেশন, এপ্লাই ফর লিডিফ্লেকশিপ, অ্যাডজাস্ট প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থী বা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ফেডারেল/স্টেট) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টেপ ফর চেঞ্জার, (নিজ বাড়ী যেন করুন), পার্টনারশীপ, বিমানের এমিগ্রেশন, অ্যাডমিনিস্ট্রেশন, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর মর্গেজ রিফাইনান্স, লিগ্যাল থ্রেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ কাইন-সিটি/স্টেট এগ্রেসীভ

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার ফলে ইমিগ্রান্টদের ভাগ্য প্রতিনিয়তই জড়িত। এ সময়ে ইমিগ্রান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এডভার্ড করে না। সুতরাং প্রোসারি ষ্টোরের মতো পঙ্কিয়ে ওঠা মোবাইল/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্রান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E. Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

FREE ESTIMATES | NYC Licensed | MASTER ELECTRICIAN | FULLY LICENSED & INSURED

GREEN POWER ELECTRIC CORP.

NYC LICENSED ELECTRICAL CONTRACTOR

74-08 37th Ave. (2nd Floor), Suite 206
Jackson Heights, New York, 11372
718-445-2740, 917-940-6226
718-457-9740
greenpowerelectric15@yahoo.com
www.greenpowerelectricnyc.com

OUR SERVICES:
- Service Upgrade
- General Wiring
- All Kind of Lighting
- Violation Removal
- Residential & Commercial Wirring
- Troubleshooting
- Panel Upgrade

আমরা সবধরনের ইলেকট্রিক্যাল কাজ করে থাকি

LICENCE: 012637



লং আইল্যান্ড এর অভিজাত এলাকায়

একমাত্র বাংলাদেশী মালিকানাধীন ব্যাংকুয়েট হল



সম্পূর্ণ হালাল দেশীয়, চাইনিজ এবং অন্যান্য খাবারের ব্যবস্থা আছে

শীতকালীন মূল্য ছাড়

১০%

২০১৯ সালের যেকোন অনুষ্ঠানের জন্য প্রযোজ্য।
মার্চ মাসের মধ্যে বুকিং করতে হবে।

(516) 845-1151

The Royal Palm
BANQUET & CATERERS

2143 Boundary Avenue, Farmingdale, NY 11735
info@royalpalmny.com www.royalpalmny.com



দেশীয় প্রতিষ্ঠানের সাহায্য নিন,
কমিউনিটিকে শক্তিশালী করুন



আপনি কি টিএলসি সহ যেকোন গাড়ী,
বাড়ী বা ব্যবসা প্রতিষ্ঠানের ইন্স্যুরেন্স নিয়ে ভাবছেন?

নো প্রবলেম

যুক্তরাষ্ট্রে সাউথ এশিয়ান মালিকানাধীন একমাত্র ইন্স্যুরেন্স কোম্পানী
আপনাদের সেবায়
শীঘ্রই যোগাযোগ করুন
সর্বনিম্ন ইন্স্যুরেন্স প্রদানের বিশ্বস্ত প্রতিষ্ঠান

MAC

MAYA ASSURANCE COMPANY

Electronic Policy Insurance System 2010
PO Box 1896, Long Island City, NY 11101
Phone: 718 937 2010 Fax: 718 937 2050

অর্ধেক মূল্যে যাত্রা করুন

জানুয়ারীর শেষের দিক থেকে, স্বল্প উপার্জনকারী নিউ ইয়র্ক সিটি বাসিন্দারা যারা ফেডারেল দারিদ্র সীমা বা তার নিচে আছেন তারা Fair Fares MetroCard ব্যবহার করে অর্ধেক মূল্যের যাত্রার জন্য যোগ্য হতে পারেন।



nyc.gov/fairfares-এ আপনার যোগ্যতা চেক করুন
অথবা 311 নম্বরে কল করুন।

NYC Bill de Blasio মেয়র
NEW YORK CITY COUNCIL স্পিকার COREY JOHNSON
FAIR FARES NYC
#FairestCity

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

[100% Scholarship for Training & Job Placement, Condition applied]

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing [QA] Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us



বাজারে এসেছে

খলিলের মিষ্টি

ও হেলদি দই

সম্পুর্ন স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত

দক্ষ কারিগর দ্বারা এখন আমরা তৈরি করছি সুস্বাদু রসগোল্লা, কালোজাম, রসমালাই, হেলদি দই সহ নানা ধরনের মিষ্টি।

আমাদের দু'টো শাখাতেই পাওয়া যাচ্ছে

খলিল বিরিয়ানী এন্ড হালাল চাইনিজ
২০৬২ ম্যাকগ্র এভিনিউ
ব্রুক্স, নিউ ইয়র্ক ১০৪৬২
ফোনঃ ৩৪৭-৬২১-২৮৮৪

খলিল বিরিয়ানী হাউজ
১৪৪৫ ওমস্টেট এভিনিউ
ব্রুক্স, নিউ ইয়র্ক ১০৪৬২
ফোনঃ ৬৪৬-৭৬৩-৫০৭৩

করোনাভাইরাস: যে কারণে রক্তের গ্রুপ 'এ' হলে ঝুঁকি

(৩ পাতার পর)

মধ্যে আলাদা আলাদা প্রভাব দেখা যায়। এতদিন শুধু ধারণা করা হয়েছে, কোভিড -১৯ এ আক্রান্ত হলে রোগীর অবস্থা গুরুতর হবে কিনা তা নির্ভর করে তার বয়স ও স্বাস্থ্যের অবস্থার ওপর। তবে এবার জানা গেলো এতে জেনেটিক গঠনও গুরুত্বপূর্ণ ।

বিজ্ঞানীরা আশা করছেন, ডিএনএ গবেষণা করে তারা ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের আলাদা করতে পারবেন। এ গবেষণায় বিজ্ঞানীরা ১ হাজার ৬১০ জন কোভিড আক্রান্ত রোগীর দেহ থেকে রক্ত সংগ্রহ করেছেন। তাদের সবারই অক্সিজেন অথবা ভ্যান্টিলেটর লেগেছিল।

এরপর, তাদের সবার ডিএনএর তথ্য বের করে আনা হয় সেখান থেকে। এর সঙ্গে সুস্থ ২ হাজার ২০৫ জনের ডিএনএর পার্থক্য নির্ণয় করেন তারা।

এর আগে, চীনা বিজ্ঞানীরাও জানিয়েছিলেন যে, রক্তের গ্রুপ 'এ' হলে তার অবস্থা সংকটাপন্ন হওয়ার আশঙ্কা প্রচুর। তবে এখনো প্রশ্ন থেকে যাচ্ছে যে, রক্তের গ্রুপ কেনো এমন রোগের ক্ষেত্রে প্রভাব ফেলতে পারবে!

এ প্রশ্নের উত্তর খুঁজতে এখনো গবেষণা করে যাচ্ছেন বিজ্ঞানীরা। কোভিড আক্রান্ত হলে কিছু কিছু শরীরের ইমিউন সিস্টেম অত্যাধিক প্রতিক্রিয়া দেখায়। আর এর কারণে তার শ্বাসযন্ত্র কাজ করতে বন্ধ করে দেয়।

আপাতত বিজ্ঞানীরা মনে করছেন, যেহেতু ইমিউন সিস্টেমের সঙ্গে রক্তের সম্পর্ক আছে তাই এই কারণেই রক্তের গ্রুপের ভিন্নতার কারণে আলাদা আলাদা প্রতিক্রিয়া পাওয়া যায় একেক দেহে। এ নিয়ে বিস্তারিত গবেষণা চলছে।

কলিন পাওয়েলের ওপর খেপেছেন ট্রাম্প

(৩ পাতার পর)

বলার পরই চরম খেপেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। জর্জ ফ্লয়েডের হত্যার প্রতিবাদে আমেরিকাজুড়ে উত্তাল বিক্ষোভের এ সময়ে কলিন পাওয়েলের বক্তব্য নিয়ে ট্রাম্প দ্রুত প্রতিক্রিয়া দিয়েছেন। ৭ জুন এক টুইট বার্তায় ট্রাম্প বলেছেন, 'কলিন পাওয়েল একজন সত্যিকারের কউর লোক। তিনি আমাদের মধ্যপ্রাচ্যের ধ্বংসাত্মক যুদ্ধে নামার জন্য অত্যন্ত দায়িত্বশীল ছিলেন। এবার কঠোর ঘোষণা দিয়েছেন যে স্লিপি জো বাইডেনকে তিনি ভোট দেবেন।'

মার্কিন সেনাবাহিনীতে সম্মানের সঙ্গে জেনারেল কলিন পাওয়েলের নাম উচ্চারিত হয়। এ দেশের কৃষ্ণাঙ্গদের কাছেও তাঁর গ্রহণযোগ্যতা অনেক। আমেরিকার রাজনীতিতে রিপাবলিকান পার্টির মধ্যে কলিন পাওয়েলকে একজন গুরুত্বপূর্ণ কৃষ্ণাঙ্গ আমেরিকান হিসেবে দেখা হয়। স্টেট অব দ্য ইউনিয়ন অনুষ্ঠানে কলিন পাওয়েল পুলিশি সহিংসতার জের ধরে দেশজুড়ে বিক্ষোভ দমনে সেনা ব্যবহার নিয়ে প্রশাসনের সামরিক কর্মকর্তাদের সমালোচনাকে সমর্থন করেন। তিনি বলেন, 'আমাদের একটি সংবিধান আছে এবং আমাদের তা অনুসরণ করতে হবে। প্রেসিডেন্ট ট্রাম্প সংবিধান থেকে সরে আসছেন বলে তিনি উল্লেখ করেন।' প্রেসিডেন্ট ট্রাম্পের সাবেক প্রতিরক্ষা সেক্রেটারি জেমস ম্যাটিস এর আগে বলেছিলেন, ট্রাম্প জীবদ্দশায় দেখা প্রথম প্রেসিডেন্ট, যিনি জাতিকে বিভক্ত করতে চেষ্টা করছেন।

শুধু কলিন পাওয়েল নন, গুরুত্বপূর্ণ রিপাবলিকানরাও মুখ খুলতে শুরু করেছেন। রিপাবলিকান সিনেটর মিট রমনি, সিনেটর লিসা মুরকোস্কি জেমস ম্যাটিসের অবস্থানকে সমর্থন করে বলেছেন, তাঁদেরও প্রেসিডেন্ট ট্রাম্পকে সমর্থন করতে নিজেদের সঙ্গে লড়াই করতে হচ্ছে।

করোনা নিয়ে অস্থির বাংলাদেশ ঃ মিনিটে মিনিটে সিদ্ধান্ত

(প্রথম পাতার পর)

ছুটি বাড়ানো হলেও তখন সারা দেশে লকডাউন করা হয়নি। সরকার ঘোষিত সামাজিক নিরাপত্তা নিশ্চিতে মাঠে কাজ করে অনেক পুলিশসহ অন্য আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, প্রশাসন, চিকিৎসকসহ স্বেচ্ছাসেবীরা করোনায় আক্রান্ত হয়েছেন। পরিস্থিতি ক্রমে অবনতি হওয়ায় এবার সরাসরি লকডাউনের পরিকল্পনা নেয়া হয়েছে। বলা হচ্ছে জোন ভিত্তিক লকডাউন দেয়া হবে। এজন্য আগে থেকেই জোন চিহ্নিত করা হয়েছে।

রেড জোন হিসেবে চিহ্নিত এলাকা পুরো লকডাউন করে দেয়া হবে। তবে কবে কোথায় কিভাবে লকডাইন বাস্তবায়ন হবে এ নিয়ে সরকারি কোন নির্দেশনা জারি করা হয়নি। আসেনি কোন ঘোষণাও। এ অবস্থার মধ্যেই রোববার সকাল থেকে কোভিড-১৯ সংক্রান্ত সরকারি ওয়েবসাইটে এ সংক্রান্ত তথ্যচিত্র প্রকাশ করা হয়। সেখানে দেখা যায় দেশের ৫০ টি জেলা এবং ৪০০ টি উপজেলাকে রেড জোন চিহ্নিত করে পুরো লকডাউন এলাকা হিসেবে চিহ্নিত করা হয়। করোনার হটস্পট ঢাকাকে রেড জোনে না ফেলে এখানে ৩৮টি স্থানে আংশিক লকডাউন এলাকা দেখানো হয়। এই চিত্র নিয়ে দিনভর দেশের বিভিন্ন এলাকায় নানামুখি প্রতিক্রিয়া দেখা দেয়। কোন কোন গণমাধ্যম এই তথ্য নিয়ে সংবাদ প্রকাশ করে দুপুরে। এরপরই দেখা যায় ওই ওয়েবসাইট থেকে আগে দেয়া সব তথ্য মুছে ফেলা হয়েছে। এ নিয়ে স্বাস্থ্যঅধিদপ্তর ও মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করেও স্পষ্ট কোন বক্তব্য পাওয়া যায়নি। কোন ঘোষণা ছাড়া লকডাউনের তথ্য প্রকাশ করায় স্থানীয় প্রশাসনও বিভ্রান্তিতে পড়ে। তারা উর্ধতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেও এ সংক্রান্ত কোন নির্দেশনা পায়নি। ওদিকে জন প্রশাসন মন্ত্রণালয়ের তরফে বলা হয়েছে জোন ভিত্তিক লকডাউন দেয়ার যে খসড়া প্রস্তুত হয়েছে তা প্রধামন্ত্রীর অনুমোদনের জন্য পাঠানো হয়েছে তার অনুমোদন পেলেই মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হবে। তাহলে প্রশ্ন হল, প্রধানমন্ত্রীর অনুমোদন হওয়ার আগেই খসড়া তথ্য কেন ওয়েবসাইটে দিয়ে বিভ্রান্তি তৈরি করা হল। বিশেষজ্ঞরা অনেকে প্রশ্ন তুলেছেন, খসড়ায় যে তথ্য প্রকাশ পেয়েছে তাতে দেখা গেছে ঢাকাকে রেড জোন হিসেবে চিহ্নিত করা হয়নি। দেশের মোট আক্রান্ত মানুষের অর্ধেকই যেখানে ঢাকায় সেখানে রেড জোন ঘোষণা না করে আংশিক লকডাউনের পরিকল্পনা নেয়া হয়েছে। জরুরি পরিস্থিতিতে এমন সিদ্ধান্তহীনতায় অনেকে বিস্ময় প্রকাশ করেছেন। এমনিতে করোনা সংক্রমণের শুরু থেকেই স্বাস্থ্য বিভাগের নানা অনিয়ম ও অব্যবস্থাপনার চিত্র উঠে আসছে। এর মধ্যে এমন সমন্বয়হীনতা পরিস্থিতিকে আরো জটিল করে তুলছে বলে মনে করছেন অনেকে। দেশে করোনা ভাইরাসের বিস্তার ঠেকাতে এলাকাভিত্তিক লকডাউনের উদ্যোগ নিয়েছে সরকার। আক্রান্তের আধিক্য বিবেচনায় রেড জোন, ইয়েলো জোন ও গ্রিন জোনে চিহ্নিত করে ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে বাস্তবায়ন হবে স্বাস্থ্যবিধি ও আইনি পদক্ষেপ। 'গ্রিন, ইয়েলো এবং রেড জোন'- এই তিন ভাগে ভাগ করে তালিকা প্রকাশ করা হলেও এসব জোনের নাগরিকদের জন্য নতুন কোনো নির্দেশনা দেয়া হয়নি। সামাজিক দূরত্ব নিশ্চিত করতে আইন-শৃঙ্খলা বাহিনী বা পুলিশের ভূমিকা কী হবে, এ বিষয়েও কোনো নির্দেশনা এখন পর্যন্ত দেয়া হয়নি বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানার সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন, ওয়েবসাইটে দেখছি। এ নিয়ে তার কাছে কোন তথ্য নেই।

করোনা প্রতিরোধ সহায়ক এই ওয়েবসাইটটি স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তরর, রোগতত্ত্ব রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর), সরকারের এটুআই প্রকল্প, মন্ত্রিপরিষদ ও আইসিটি বিভাগের সমন্বয়ে তৈরি করা হয়েছে। ওয়েবসাইটে দেশের তিনটি বিভাগ, ৫০টি জেলা ও ৪০০টি উপজেলাকে পুরোপুরি লকডাউন (রেড জোন বিবেচিত) দেখানো হয়েছে। আংশিক লকডাউন (ইয়েলো জোন বিবেচিত) দেখানো হয়েছে দেশের পাঁচটি বিভাগ, ১৩টি জেলা ও ১৯টি উপজেলাকে। আর লকডাউন নয় (গ্রিন জোন বিবেচিত) এমন জেলা দেখানো হচ্ছে একটি এবং উপজেলা দেখানো হচ্ছে ৭৫টি। ঢাকা মহানগরীর ৩৮টি এলাকাকে আংশিক লকডাউন (ইয়েলো জোন বিবেচিত) হিসেবে দেখানো হয়েছে। তবে লকডাউন নয় (গ্রিন জোন বিবেচিত) বলে দেখানো হচ্ছে ১১টি এলাকাকে। ঢাকায় পুরোপুরি লকডাউন (রেড জোন বিবেচিত) হিসেবে কোনো এলাকাকে ওই প্রকাশিত তালিকা দেখানো হয়নি। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ওই তালিকা অনুসারে, বরিশাল বিভাগের মধ্যে পুরোপুরি লকডাউন- বরগুনা, বরিশাল, পটুয়াখালী ও পিরোজপুর। এই বিভাগে আংশিক লকডাউন ভোলা ও ঝালকাঠি। চট্টগ্রাম বিভাগে পুরোপুরি লকডাউন- ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, কক্সবাজার,ফেনী,খাগড়াছড়ি,লক্ষীপুর ও নোয়াখালী। এই বিভাগে আংশিক লকডাউন বান্দরবান, চট্টগ্রাম ও রাঙ্গামাটি। ঢাকা বিভাগের মধ্যে পুরোপুরি লকডাউন- গাজীপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, মাদারীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, শরীয়তপুর ও টাঙ্গাইল। এই বিভাগে শুধু ঢাকা ও ফরিদপুর আংশিক লকডাউন। খুলনা বিভাগের মধ্যে চুয়াডাঙ্গা, যশোর, খুলনা, মেহেরপুর, নড়াইল ও সাতক্ষীরা পুরোপুরি লকডাউন। এই বিভাগে আংশিক লকডাউন বাগেরহাট, কুষ্টিয়া ও মাগুরা। খুলনা বিভাগেই দেশের একমাত্র গ্রিন জোন চিহ্নিত জেলা ঝিনাইদহ, অর্থাৎ এটি লকডাউন নয়। রাজশাহী বিভাগের মধ্যে পুরোপুরি লকডাউন বগুড়া, জয়পুরহাট, নওগাঁ, নাটোর ও রাজশাহী। এই বিভাগে আংশিক লকডাউন চাঁপাইনবাবগঞ্জ, পাবনা ও সিরাজগঞ্জ। রংপুর বিভাগের আটটি জেলাই পুরোপুরি লকডাউন। জেলাগুলো হলো-দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, রংপুর ও ঠাকুরগাঁও। সিলেট বিভাগের সব ক'টি জেলাও পুরোপুরি লকডাউন। জেলাগুলো হলো- হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও সিলেট। ময়মনসিংহ বিভাগেরও সব ক'টি জেলা পুরোপুরি লকডাউন। এ চারটি জেলা হলো জামালপুর, ময়মনসিংহ, নেত্রকোনা ও শেরপুর।

অন্যদিকে ঢাকা মহানগরীর আংশিক লকডাউন বলে চিহ্নিত ৩৮টি এলাকা হলো- আদাবর থানা, উত্তরা পূর্ব, উত্তরা পশ্চিম, ওয়ারী, কদমতলী, কলাবাগান, কাফরুল, কামরাঙ্গীরচর, কোতোয়ালি, খিলক্ষেত, গুলশান, গেন্ডারিয়া, চকবাজার, ডেমরা, তেজগাঁও, তেজগাঁও শিল্পাঞ্চল, দক্ষিণখান, দারুসসালাম, ধানমন্ডি, নিউমার্কেট, পল্টন মডেল, পল্লবী, বংশাল, বাড্ডা, বিমানবন্দর, ভাটারা, মিরপুর মডেল, মুগদা, মোহাম্মদপুর, যাত্রাবাড়ী, রমনা মডেল, লালবাগ, শাহআলী, শাহজাহানপুর, শেরেবাংলা নগর, সবুজবাগ, সূত্রাপুর ও হাজারীবাগ থানা এলাকা। লকডাউন নয় বলে চিহ্নিত ১১টি এলাকা হলো- উত্তরখান থানা, ক্যান্টনমেন্ট থানা, খিলগাঁও, তুরাগ, বনানী, ভাষানটেক, মতিঝিল, রামপুরা, রূপনগর, শাহবাগ ও শ্যামপুর থানা এলাকা।





বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
বছরে আয় করুন সর্বোচ্চ $50,000

Hiring HHA & PCA

আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।

প্রশিক্ষণ ক্লাসের জন্য যোগাযোগ করুন

সম্পূর্ণ বিনামূল্যে



HouseCalls HOME CARE
Being home never felt better

718-731-9750

আমাদের অফিসে রয়েছে বাংলাদেশী স্টাফ

আপনাদের সুবিধার্থে চারটি অফিস


Jackson Heights:
72-16 Roosevelt Ave, NY 11372



Bronx:
1878 Cross Bronx Expwy, NY 10472



Jamaica:
90-50 Sutphin Blvd, NY 11435



Brooklyn:
2440 Fulton Street, NY 11233



বাংলাদেশী কম্যুনিটিতে একমাত্র 'লাইসেন্সধারী' হোম কেয়ার এজেন্সি

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice



Sheikh Salim
Attorney at Law

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরণের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law

225 Broadway, Suite 630, Manhattan, NY 10007

Phone: 212-564-1619 / 347-873-5428

ঘোষণা

প্রিয় পাঠক,

বাংলা পত্রিকা'র বিজ্ঞাপনদাতাদের সুবিধার্থে পত্রিকার বিজ্ঞাপন বিভাগের জন্য নতুন ই-মেইল খোলা হয়েছে। এখন থেকে সকল বিজ্ঞাপনদাতাকে নতুন ই-মেইলে **adbanglapatrikausa@gmail.com**

তাদের বিজ্ঞাপন পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে। এই ই-মেইলটি শুধুমাত্র বিজ্ঞাপনের জন্য। নিউজ প্রেরণের ই-মেইল **banglapatrikausa@gmail.com**

ধন্যবাদান্তে-

সম্পাদক

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহঃ

- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে **(Loan Modification)** ফ্রি সহায়তা
- ফরক্লোজারে **(Foreclosure)** ফ্রি সহায়তা
- আরইও **(REO)** বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর **(Taxlien)** বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের **(Short Sale)** বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ **(Mix Use)** বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Fax: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

ডা. ফেরদৌস খন্দকারকে নিয়ে ঢাকায় বিতর্ক তুঙ্গে

(প্রথম পাতার পর)

এর আগে ওয়াশিংটন ডিসির বাংলাদেশ দূতাবাসে নিযুক্ত প্রেস মিনিস্টার শামীম আহমেদ এক বিবৃতিতে জানান, গত শনিবার (৬ জুন) ১১২ জন বাংলাদেশীকে নিউইয়র্ক থেকে নিয়ে যাত্রা শুরু করে কাতার এয়ারওয়েজের দ্বিতীয় বিশেষ বিমান। যাত্রীদের মধ্যে যুক্তরাষ্ট্রের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী, উচ্চ ডিগ্রি অর্জনে যাওয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, বিভিন্ন ট্রেনিংয়ে অংশগ্রহণকারী, দর্শনার্থী, পেশাজীবী ও ব্যবসায়ী রয়েছেন। নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল মিজ সাদিয়া ফয়জুন্নেসা জেএফকে বিমানবন্দরে যাত্রীদের বিদায় জানান। এ সময় কনস্যুলেটের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

জানা গেছে, কাতার এয়ারওয়েজের বিমানটি (কিউ আর ৩৪৫৮) স্থানীয় সময় শনিবার সকাল ৯টায় জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। দোহা বিমান বন্দরে প্রায় ৪ ঘণ্টা যাত্রা বিরতি করে বিমানটি (কিউ আর ৩৩৯০) রোববার বিকাল ৪ টা ৪৫ মিনিটে (স্থানীয় সময়) ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে ওয়াশিংটন বাংলাদেশ দূতাবাস এবং নিউইয়র্ক ও লস অ্যাঞ্জেলেসে বাংলাদেশ কনস্যুলেট বাংলাদেশীদের দেশে ফেরত পাঠানোর জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করে। এর আগে গত ১৫ মে যুক্তরাষ্ট্রে আটকে থাকা ২৪২ জন বাংলাদেশীকে নিয়ে কাতার এয়ারওয়েজের প্রথম বিশেষ বিমান ওয়াশিংটন থেকে দেশে ফেরে।

ঢাকা থেকে প্রাপ্ত খবরে জানা গেছে, শনিবারের ফ্লাইটে দেশে গেছেন নিউইয়র্ক প্রবাসী ডাক্তার ফেরদৌস খন্দকার। তবে তাকে এয়ারপোর্ট থেকে বের হতে দেয়া হয়নি। এ বিষয়ে তিনি ফেসবুকে একাধিক স্ট্যাটাস দিয়েছেন। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের মাউন্ট সিনাই হাসপাতালের মেডিসিন বিশেষজ্ঞ ডা. ফেরদৌস খন্দকারকে ঢাকার ব্র্যাক ট্রেনিং সেন্টারে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে পাঠানো হয়েছে। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দায়িত্বশীল সূত্র জানায়, যুক্তরাষ্ট্রে থাকতে তার করোনা শনাক্তের অ্যান্টিবডি টেস্ট করা হয়। এর ফলাফল পজিটিভ এসেছিল। এখন করোনা না থাকলেও যেহেতু তিনি বিদেশ থেকে এসেছেন তাই তাকে ব্র্যাক সেন্টারে ১৪ দিনের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে পাঠানো হয়েছে। সম্প্রতি দেশে ফিরে বাংলাদেশের মানুষের চিকিৎসার ঘোষণা দিয়ে বিতর্কের মধ্যে পড়েন এই চিকিৎসক। অনেকে তাকে বঙ্গবন্ধুর খুনিদের স্বজন বলে দাবি তোলে। দেশে ফিরে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে যাওয়ার পর নিজের ফেসবুকে একটি পোস্ট দেন ডা. ফেরদৌস।

ফেসবুকে ডা. ফেরদৌস লিখেছেন, 'প্রিয় বাংলাদেশ। দেশে এসেছিলাম নিজের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে করোনা নিয়ে সবার পাশে দাঁড়িয়ে কাজ করতে। তার জন্যে জীবনের ঝুঁকি নিতেও আমি পিছপা হইনি। যখন ভালো উদ্দেশ্য নিয়ে আমি দেশে এসেছি, তখন একদল লোক আমার বিররুদ্ধে মিথ্যা অপপ্রচার শুরু করেছে। বলা হচ্ছে, আমি নাকি খুনি খন্দকার মোশতাকের ভাতিজা কিংবা খুনি কর্নেল রশিদের খালাতো ভাই। অথচ পুরো বিষয়টি কাল্পনিক। আমার বাড়ি কুমিল্লার দেবিদ্বারে। কুমিল্লায় বাংলাদেশের অসংখ্য মানুষের বাড়ি। কুমিল্লা বাংলাদেশের একটি স্বনামধন্য জেলা। কুমিল্লায় বাড়ি হলেই কেউ খুনি মোশতাকের ভাতিজা কিংবা কর্নেল রশিদের খালাতো ভাই হয়ে যায় না। আমি স্পষ্ট করে বলছি, এই দুই খুনির সাথে আমার পারিবারিক কিংবা আদর্শিক কোনো সম্পর্ক নেই। বরং বঙ্গবন্ধুর আদর্শের সৈনিক হিসেবে আমি, তাদেরকে চরম ঘৃণা করি। ফলে যারা এই খারাপ কথাগুলো ছড়াচ্ছেন, বলছেন, তাদের উদ্দেশ্য পরিষ্কার; ভালো কাজে বাধা দেয়া। এটা অন্যায়। আমি তীব্র প্রতিবাদ ও ঘৃণা জানাচ্ছি। সেই সাথে প্রমাণের জন্যে চ্যালেঞ্জ ছুঁড়ে দিচ্ছি। যদি মনে করেন আমার সেবা আপনাদের দরকার, তাহলে পাশে থাকুন।'

ডা. ফেরদৌসকে নিয়ে যত বিতর্ক: যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসা, ত্রাণ বিতরণ, সোশাল মিডিয়ায় সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে প্রশংসিত হয়েছেন ডা. ফেরদৌস খন্দকার। এবার তিনি দেশের মানুষকে চিকিৎসা সেবা দিতে যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশে ফিরেছেন। এদিকে, সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে তাকে ঘিরে নানা তর্ক-বিতর্ক ভেসে উঠছে।

ডা. ফেরদৌস খন্দকার ১৯৯৮ সালে যুক্তরাষ্ট্রে আগমন করেন। তিনি মূলত নিউ ইয়র্কের জ্যাকসন হাইটসে রোগী দেখতেন। তিনি পড়াশুনা করেছেন চট্টগ্রাম মেডিকেল কলেজ থেকে। ছাত্রজীবনে তিনি ছাত্রদল করতেন এবং পরে বিএনপির সক্রিয় সমর্থক ছিলেন। এরপর আওয়ামী লীগে ভেড়ার চেষ্টা করে সফল হন তিনি। ২০১৯ সালে তিনি যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা পদ পান। তবে এ জন্য ২০ হাজার ইউএস ডলার ঘুষ দিয়েছেন বলে অভিযোগ উঠেছিল। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগে পদ পেলেও এক মাস পরে সেখানকার তৃণমূল নেতাকর্মীদের চাপে ডা. ফেরদৌস খন্দকারকে দল থেকে সরিয়ে দেওয়া হয়।

যুক্তরাষ্ট্রে করোনায় মারা যাওয়া বাংলাদেশীদের দাফন এবং করোনাভাইরাস চিকিৎসায় ফেসবুকে সক্রিয় ছিলেন ডা. ফেরদৌস খন্দকার। বর্তমানে তিনি বাংলাদেশে আওয়ামী লীগের রাজনীতিতে প্রবেশের চেষ্টা করছেন বলে জানা গেছে। নেটিজেনরা এমনটাই দাবি করছেন। তার গ্রামের বাড়ি কুমিল্লার দেবীদ্বারে। কেউ কেউ ফেসবুকে লিখছেন- তিনি নাকি বাংলাদেশের সাবেক প্রেসিডেন্ট খন্দকার মোশতাক আহমেদের ভাতিজা।

বিশ্বে করোনায় মৃত্যু ৪ লাখ ছুঁই ছুঁই, আক্রান্ত ৬৮ লাখ ছাড়িয়ে

(প্রথম পাতার পর)

আক্রান্তের সংখ্যা ১৯ লাখ ২০ হাজার ৬১ জন। আর মৃত্যু হয়েছে ১ লাখ ৯ হাজার ৭৯১ জনের।

যুক্তরাষ্ট্রের পর মৃতের দিক থেকে দ্বিতীয় খারাপ অবস্থায় রয়েছে ইউরোপের দেশ যুক্তরাজ্য, তবে আক্রান্তের দিক থেকে দেশটির অবস্থান চার নম্বরে। রোববার সকাল পর্যন্ত দেশটিতে আক্রান্তের সংখ্যা ২ লাখ ৮৬ হাজার ২৯৪ জন এবং মৃত্যু হয়েছে ৪০ হাজার ৫৪৮ জনের। আক্রান্ত বিবেচনায় দ্বিতীয় অবস্থানে থাকা লাতিন আমেরিকা দেশ ব্রাজিল মৃত্যুতে ইতালিকে ছাড়িয়ে উঠে এসেছে তৃতীয় স্থানে। ব্রাজিলে এখন পর্যন্ত আক্রান্ত হয়েছে ৬ লাখ ৭২ হাজার ৮৪৬ জন এবং মৃত্যু হয়েছে ৩৫ হাজার ২৬ জনের।

মৃত্যু বিবেচনায় চতুর্থ স্থানে রয়েছে ইউরোপের আরেক দেশ ইতালি, তবে আক্রান্ত বিবেচনায় দেশটির অবস্থান সাতে। ইতালিতে রোববার সকাল পর্যন্ত আক্রান্ত হয়েছে ২ লাখ ৩৪ হাজার ৮০১ জন এবং মৃত্যু হয়েছে ৩৩ হাজার ৮৪৬ জনের।

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ১০ হাজারের বেশি মানুষের মৃত্যু হওয়া দেশগুলোর মধ্যে রয়েছে ইউরোপের আরও দুই দেশ- ফ্রান্স ও স্পেনও। ফ্রান্সে এখন পর্যন্ত আক্রান্ত হয়েছে ১ লাখ ৯০ হাজার ৭৭৫ জন এবং মৃত্যু হয়েছে ২৯ হাজার ১৪৫ জন। আর স্পেনে এ পর্যন্ত আক্রান্ত হয়েছে ২ লাখ ৪১ হাজার ৩১০ জন এবং মৃত্যু হয়েছে ২৭ হাজার ১৩৫ জনের। অন্য দেশগুলোর মধ্যে মেক্সিকোতেও মৃতের সংখ্যা ১০ হাজার ছাড়িয়ে গেছে। রোববার সকাল পর্যন্ত দেশটিতে মোট ১ লাখ ১৩ হাজার ৬১৯ জন আক্রান্তের বিপরীতে মৃত্যু হয়েছে ১৩ হাজার ১৭০ জনের।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে আক্রান্ত বিবেচনায় বিশ্বের মধ্যে পঞ্চম স্থানে উঠে এসেছে ভারত। রোববার সকাল পর্যন্ত ভারতে মোট আক্রান্তের সংখ্যা ২ লাখ ৪৬ হাজার ৬২২ জন এবং মৃত্যু হয়েছে ৬ হাজার ৯৪৬ জনের।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে সংক্রমণ শুরু হওয়ার পর বিশ্বব্যাপী এ পর্যন্ত ১৮৮টি দেশে ছড়িয়েছে প্রাণঘাতী করোনাভাইরাস। গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারি ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, দেশে শনিবার সকাল ৮টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় ২ হাজার ৬৩৫ জনের শরীরে করোনাভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে এবং মৃত্যু হয়েছে আরও ৩৫ জনের। সবমিলিয়ে শনিবার সকাল ৮টা পর্যন্ত দেশে ৬৩ হাজার ২৬ জনের দেহে করোনাভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে। মোট মৃত্যু হয়েছে ৮৪৬ জনের। আর সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন ১৩ হাজার ৩২৫ জন।

Income Taxes & Immigration
আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তেতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।

নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।
Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com
RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276
আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ
ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
রিমোভ কন্ডিশন
এফিডেভিট অব সাপোর্ট
বিনা পরীক্ষায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুলাক
রিফিউজি, এসাইলম, গ্রীণকার্ড রিনিউ
AUTHORIZED IRS e-file PROVIDER
IRS authorised e-file provider
ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্সি ক্যাব ও ফুড ভেন্ডার
পার্টনারশীপ, কর্পোরেশন
পেরোল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS

IRS ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স-একাউন্টিং-নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.

Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com


* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার

Joy
পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা
জয় ক্যাটারিং মেন্যু
প্যাকেজ -১
$ 7.00
প্যাকেজ-২
$ 8.00
প্যাকেজ-৩
$10.00
প্যাকেজ-৪
$11.00
148 ই 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977
32 West 39 Street (Between 5th and 6th Avenue), New York, NY- 10018.
Tel: 646-559-7527

INSURANCE
New/ Renewal

- AUTO, HOME, BUSINESS, BLACK CAR, GREEN CAB
- FOOD-FRUITS VENDOR, LIABILITY
- COMMERCIAL VAN, STORE LIABILITY.
- CONSTRUCTION, WORKERS COMP. & DISABILITY.



BEST PRICE AND SATISFACTION GUARANTEED

TDS Insurance Brokerage Corp.

Tel : 718-483-9310, Fax : 718-483-9311

BROOKLYN OFFICE

118 Beverley Rd. Brooklyn, NY 11218

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

হাঁটু দিয়ে গলাচাপার প্রচলন বন্ধ হচ্ছে যুক্তরাষ্ট্রে!

(প্রথম পাতার পর)

এই দুই বিষয়সহ পুলিশ বিভাগে বেশ কিছু সংস্কারের পক্ষে মত দিয়েছে যুক্তরাষ্ট্রের মিনেসোটা অঙ্গরাজ্যের বড় শহর মিনিয়াপলিস সিটি কাউন্সিল। এসব সিদ্ধান্ত ক্যালিফোর্নিয়াতেও নেওয়া হচ্ছে বলেও খবর প্রকাশ করেছে মার্কিন সংবাদমাধ্যম এনবিসি নিউজ। খবরে বলা হয়, গত শুক্রবার এক জরুরি বৈঠকে সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্তগুলো পাস হয়েছে। তবে এগুলো কার্যকর হতে একজন বিচারকের অনুমোদন প্রয়োজন হবে। পাস হওয়া সংস্কার প্রস্তাবে আরও রয়েছে, জনসমাবেশ নিয়ন্ত্রণ করতে টিয়ার গ্যাসসহ অন্য অস্ত্র ব্যবহারের জন্য মিনিয়াপলিস পুলিশ প্রধানের অনুমতি নিতে হবে। পুলিশের নথি বিশ্লেষণ করে এনবিসি নিউজ জানিয়েছে, ২০১৫ সাল থেকে এখন পর্যন্ত ৪৪ বার মানুষের গলা চেপে ধরে অজ্ঞান করা হয়েছে। অনেক পুলিশ বিশেষজ্ঞ মনে করছেন, এই সংখ্যা আরও বেশি হবে। মিনিয়াপলিসের মেয়র জ্যাকব ফ্রে কাউন্সিল এক বিবৃতিতে বলেছেন, জর্জ ফ্লয়েডের মৃত্যুর ঘটনায় ন্যায়বিচার নিশ্চিত করার কথা বলা হয়েছে। কিন্তু এটিই যথেষ্ট নয়। এজন্য প্রয়োজন নির্বাচিত নেতাদের জবাবদিহিতা থেকে শুরু করে কাঠামোগত সংস্কার। গত ২৫ মে মিনেসোটা অঙ্গরাজ্যের মিনিয়াপলিসে পুলিশি হেফাজতে হত্যার শিকার হন নিরস্ত্র কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েড। একজন প্রত্যক্ষদর্শীর ধারণ করা ভিডিওতে দেখা গেছে, হাঁটু দিয়ে নিরস্ত্র ফ্লয়েডের গলা চেপে ধরে তাকে শ্বাসরোধ করে হত্যা করেন ডেরেক চাওভিন নামের এক পুলিশ অফিসার। এই হত্যার প্রতিবাদে টানা ১১ দিন ধরে বিক্ষোভে উত্তাল রয়েছে যুক্তরাষ্ট্র। বিভিন্ন দেশেও এর প্রতিবাদে বিক্ষোভ হয়েছে।

সার্বক্ষণিক অক্সিজেন দিতে হচ্ছে জাফরুল্লাহকে

(প্রথম পাতার পর)

অক্সিজেন সরবরাহ দিতে হচ্ছে। গত শুক্রবার রাতে ডা. জাফরুল্লাহ চৌধুরীর শারীরিক অবস্থা সম্পর্কে তিনি বলেন, 'ডা. জাফরুল্লাহ চৌধুরীর শারীরিক অবস্থার একটু অবনতি হয়েছে। এদিকে গত ৪ জুন বৃহস্পতিবার পর্যন্ত অক্সিজেন সাপোর্ট ছাড়াই তিনি স্বাভাবিক ছিলেন। তবে শুক্রবার কোনোভাবেই অক্সিজেন ছাড়তে পারছে না। শনিবার সার্বক্ষণিক অক্সিজেন সহায়তার ওপর আছেন।' তিনি বলেন, 'আমরা তাকে সাপোর্টিভ ট্রিটমেন্টের ওপর রেখেছি। এতে তার শরীর কীভাবে সাড়া দিচ্ছে তা পর্যবেক্ষণ করে পরবর্তী চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে। এর বাইরে বিশেষ কোনো কিছু করছি না।' ডা. মহিবুল্লাহ খন্দকার বলেন, 'ডা. জাফরুল্লাহ চৌধুরীর জ্ঞান আছে। তিনি কথা বলতে পারছেন। আমরা তার সুস্থ হয়ে ওঠার প্রত্যাশায় আছি। তিনি সবার কাছে দোয়া চেয়েছেন।' গত ২৫ মে ডা. জাফরুল্লাহ চৌধুরীর শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়। গণস্বাস্থ্য কেন্দ্রের উদ্ভাবিত কিট দিয়ে পরীক্ষাতেই তার করোনাভাইরাস শনাক্ত হয়েছে। এরপরে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) পিসিআর পরীক্ষাতেও তার করোনাভাইরাস শনাক্ত হয়। তিনি গণস্বাস্থ্য নগর হাসপাতালে চিকিৎসাধীন।

ঢাকায় আক্রান্ত সাড়ে ৭ লাখের বেশি

(প্রথম পাতার পর)

কম সংখ্যক পরীক্ষার কারণে বাংলাদেশ, ভারত ও পাকিস্তানে সরকারি পরিসংখ্যানের চেয়ে করোনাভাইরাসে আক্রান্তের প্রকৃত সংখ্যা অনেক বেশি হতে পারে। প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশের আন্তর্জাতিক উদরাময় গবেষণা ইনস্টিটিউট (আইসিডিডিআরবি)-এর কর্মকর্তা জন ক্লেমেনসের অনুমান, রাজধানী ঢাকাতেই করোনা সংক্রমণের সংখ্যা ইতিমধ্যে সাড়ে সাত লাখ ছাড়িয়ে গিয়ে থাকতে পারে। তবে বাংলাদেশ সরকারের তথ্য অনুসারে, শুক্রবার পর্যন্ত করোনায় আক্রান্তের সংখ্যা ৬০ হাজার ছাড়িয়েছে এবং মৃত্যু হয়েছে ৮ শতাধিক। আন্তর্জাতিক জরিপ সংস্থা ওয়ার্ল্ডোমিটারের পরিসংখ্যান অনুযায়ী, আক্রান্ত শনাক্তের ৯০তম দিনে এসে করোনাভাইরাস সংক্রমিত শীর্ষ ২০ দেশের তালিকায় ঢুকে গেছে বাংলাদেশের নাম। প্রতিবেদনে বলা হয়, করোনাভাইরাসের বিস্তার ঠেকাতে জারি করা লকডাউন গত সপ্তাহ থেকে প্রত্যাহার করতে শুরু করেছে বাংলাদেশ, পাকিস্তান এবং ভারত। দ্য ইকোনমিস্ট লিখেছে, 'বিশ্বের মোট জনসংখ্যা এক-পঞ্চমাংশের বেশি ১৭০ কোটি মানুষকে বিধিনিষেধ মুক্ত করে দেওয়ায় বিপর্যস্ত অর্থনীতিতে স্বস্তি ফিরবে। দক্ষিণ এশিয়ায় রোগের বিস্তার মোটামুটি শ্লথ করতে পেরেছে সংশ্লিষ্ট দেশগুলো, কিন্তু থামাতে পারেনি। লকডাউন প্রত্যাহারের ফলে আবারও সংক্রমণ দ্রুত ছড়াতে পারে। দ্য ইকোনমিস্টের প্রতিবেদনে বলা হয়েছে, এই তিন দেশে করোনায় মৃতদের জন্য মর্গে, কবরস্থানে ও শ্মশানঘাটে জায়গা পাওয়া কঠিন হয়ে পড়েছে। নারায়ণগঞ্জের পৌর কবরস্থানে মে মাসে ৫৭৫ জনের দাফন হয়েছে। সাধারণত প্রতি মাসে সেখানে আড়াইশর কম দাফন করা হয়। তবে গত মাসে দাফন করা ৫৭৫ জনের মধ্যে মাত্র ৭০ জন করোনায় আক্রান্ত। প্রতিবেদনটিতে চট্টগ্রামে কবর খনন কাজের সঙ্গে সংশ্লিষ্ট ফরিদ উদ্দিনের বক্তব্য তুলে ধরা হয়েছে। তিনি বলেছেন, অনেক মানুষ মারা যাচ্ছে। তিনি ও তার সঙ্গীরা চার দিন ধরে ঘুমানোর সময় পাচ্ছেন না। ফরিদ আরও বলেন, আমরা প্রচন্ড চাপে আছি। দোয়া করুন যেন সৃষ্টিকর্তা আমাদের ক্ষমা করে দেন এবং রোগটি ফিরিয়ে নেন।

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহ্‌র অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্‌জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোর্‌আন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখ্‌লাক, ফিক্‌হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে
সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
- বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
- অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
- সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- শিক্ষাদানের ভাষা ইংরেজী
- সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা

ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ শায়েখ মুফ্‌তি মোহাম্মদ আব্দুল্লাহ্‌
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning · Reflecting · Celebrating

ভর্তি চলছে

Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Street, Jamaica, NY 11433

এক বছরের মধ্যে ট্রাম্পের জনপ্রিয়তা সর্বনিম্নে!

(প্রথম পাতার পর)


অনুযায়ী ট্রাম্পের জনপ্রিয়তা ছয় শতাংশ কমে ৪৪ শতাংশে পৌঁছেছে। ৫৬ শতাংশ মানুষই ট্রাম্পের কাজের প্রতি অসন্তোষ প্রকাশ করেছেন। গত এক বছরে আর কখনোই তার জনপ্রিয়তা এতো নিচে নামেনি। যুক্তরাষ্ট্রে বর্ণবৈষম্যের বিরুদ্ধে আন্দোলন শুরুর পর গত সোমবার (১ জুন) থেকে শনিবার (৬ জুন) পর্যন্ত এ জরিপ চালানো হয়েছে। বর্ণবৈষম্য ও করোনাভাইরাস ইস্যু ট্রাম্পের জনপ্রিয়তা হ্রাসে ভূমিকা রেখেছে বলে মনে করা হচ্ছে।উল্লেখ্য, যুক্তরাষ্ট্রে এ পর্যন্ত করোনাভাইরাসে সবচেয়ে বেশি মানুষ মারা গেছে। এছাড়া বর্ণবৈষম্য বিরোধী আন্দোলন ইস্যুতেও বিরূপ মন্তব্য ও আচরণ করে ব্যাপক সমালোচনার মুখে পড়েছেন ট্রাম্প। আগামী ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনের দুই প্রতিদ্বন্দ্বী প্রার্থী হচ্ছেন ডোনাল্ড ট্রাম্প ও জো বাইডেন।

কোভিড-১৯ মহামারি প্রাক্কালে অভিবাসী গ্রহণকারী দেশগুলিকে অভিবাসীদের প্রতি

(৪৬ পাতার পর)

প্রতিনিধি ও রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। গত ৪ জুন 'কোভিড-১৯ এর প্রাক্কালে অভিবাসন : অভিবাসীদের স্বাস্থ্য ও রেমিটেন্স' শীর্ষক এক উচ্চ পর্যায়ের ভার্চুয়াল আলোচনায় অংশ নিয়ে এই আহ্বানের কথা জানান তিনি। অভিবাসন সংক্রান্ত সমমনা দেশসমূহ (এৎড়ঁঢ় ড়ভ ঋৎরবহফং ড়ভ গরমৎধঃরড়হ) এই ইভেন্টটির আয়োজন করে। ব্যাপকভাবে কোভিড-১৯ এর প্রভাবজনিত ভয়াবহতার শিকার হওয়ার পাশাপাশি অভিবাসীগণ বিশ্বের অনেক জায়গাতেই তাদের অধিকার, জরুরি স্বাস্থ্য পরিষেবা এমনকি চাকরির সুযোগ থেকেও বঞ্চিত হয়েছেন মর্মে উল্লেখ করে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি বলেন, 'অভিবাসীগণ হচ্ছেন তাদের গ্রহণকারী দেশগুলোর উন্নয়নে অবদান রাখা প্রথম সারির কর্মী, এমনকি এই করোনাকালেও একথা সত্য; অতএব ঐসকলদেশগুলো কোভিড-১৯ মোকাবিলা ও উত্তরণে যে পরিকল্পনা ও প্যাকেজসমূহ গ্রহণ করেছে তাতে অবশ্যই অভিবাসীদেরকেও অন্তর্ভুক্ত রাখতে হবে'। অনেক দেশ থেকে অভিবাসীদেরকে জোরপূর্বক নিজ দেশে ফিরে যেতে বাধ্য করা হচ্ছে মর্মে উদ্বেগ প্রকাশ করে রাষ্ট্রদূত ফাতিমা বলেন, প্রত্যাবর্তনকারীদের ব্যবস্থাপনা অনেক উন্নয়নশীল দেশের জন্য একটি বিরাট চ্যালেঞ্জ; এক্ষেত্রে উন্নয়নশীল দেশগুলোর প্রচেষ্টাসমূহে অবশ্যই জাতিসংঘসহ অন্যান্য আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার ও অংশীজনদেরকে সহযোগিতার হাত বাড়াতে হবে। উল্লেখ্য, বাংলাদেশ, আয়ারল্যান্ড, মেক্সিকো ও বেনিন যৌথভাবে 'অভিবাসন সংক্রান্ত সমমনা দেশসমূহের গ্রুপ-এর সহ-আহ্বায়ক। আয়ারল্যান্ডের আন্তর্জাতিক উন্নয়ন ও প্রবাসী মন্ত্রী সিয়ারান ক্যানন টিডি সহ অভিবাসী প্রেরণকারী ও গ্রহণকারী দেশসমূহের উল্লেখ্যযোগ্য সংখ্যক রাষ্ট্রদূত উচ্চ পর্যায়ের এই আলোচনায় অংশগ্রহণ করেন। এছাড়া এসডিজি অর্থায়ন বিষয়ক জাতিসংঘের বিশেষ দূত ড. মাহমুদ মোহাইয়েলদিন, আইএফএডি, ডব্লিউএইচও এবং অন্যান্য জাতিসংঘ সংস্থাগুলোর উচ্চ পর্যায়য়ের প্রতিনিধিগণ সভাটিতে অংশ নেন।

সভাটিতে এ বিষয়ক ফলপ্রসূ আলোচনা হয়। বক্তাগণ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন এবং নারীর ক্ষমতায়নে অভিবাসন ও রেমিটেন্সের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা স্বীকার করে এর উপর কোভিড-১৯ এর প্রভাব উন্নয়নশীল দেশগুলিকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ করবে মর্মে মতামত দেন। নিম্ন ও নিম্ন-মধ্যম আয়ের দেশগুলিতে রেমিট্যান্স প্রবাহ ২০% এরও বেশি হ্রাস পাওয়া বিষয়ক বিশ্বব্যাংকের প্রক্ষেপণের কথা তুলে ধরে স্থায়ী প্রতিনিধি সতর্কতা উচ্চারণ করে বলেন, এর পরিণতি হতে পারে খুবই ভয়াবহ যা উন্নয়নশীল বিশ্বের রেমিট্যান্স-নির্ভরশীল পরিবারসমূহকে দারিদ্র্যের দিকে ঠেলে দিতে পারে। রাষ্ট্রদূত ফাতিমা জাতিসংঘ মহাসচিবের "পিপল অন দ্যা মুভ" শীর্ষক নীতি-বিবৃতিকে স্বাগত জানান যাতে অভিবাসীদের উপর কোভিড-১৯ এর সুদূর-প্রসারী প্রভাবের কথা উল্লেখ করা হয়েছে। বৈশ্বিক এই মহামারী চলাকালীন অভিবাসীগণকে শ্রমবাজারে প্রবেশ, সামাজিক সুরক্ষা এবং প্রাথমিক পরিষেবাগুলোর সুযোগ প্রদান এবং এসংক্রান্ত বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ তুলে নেওয়ার ক্ষেত্রে বেশ কিছু দেশ যেসকল পদক্ষেপ নিয়েছে তার প্রশংসা করেন তিনি। করোনা সৃষ্ট মন্দা সত্ত্বেও রেমিট্যান্স প্রবাহ সচল রাখার গুরুত্বকে স্বীকৃতি দিয়ে সুইজারল্যান্ড ও যুক্তরাজ্যের 'কল টু অ্যাকশন-রেমিট্যান্সেস ইন ক্রাইসিস' শীর্ষক যৌথ বিবৃতিকে স্বাগত জানান স্থায়ী প্রতিনিধি। অর্থনীতি ও সমাজে অভিবাসী শ্রমিকদের অবদানের ধারাবাহিকতা রক্ষার্থে আন্তর্জাতিক সম্প্রদায়কে অবশ্যই পুনরায় অভিবাসী শ্রমিকদের উপযোগী পরিস্থিতি তৈরিতে কাজ করতে হবে, এর অন্যথা ঘটলে তা কেবল অবৈধ অভিবাসন ও মানব পাচারকেই উৎসাহিত করবে মর্মে উল্লেখ করেন রাষ্ট্রদূত ফাতিমা। কোভিড পরবর্তী পূনর্গঠন প্রক্রিয়ায় অভিবাসনকে উন্নয়নের একটি কার্যকর প্রপঞ্চ হিসেবে গড়ে তুলতে অবশ্যই প্রয়োজনীয় নীতিগত পদক্ষেপের সন্নিবেশ ঘটাতে হবে মর্মে অংশগ্রহণকারীগণ একমত প্রকাশ করেন। অভিবাসন ব্যবস্থাপনার ক্ষেত্রে বিদ্যমান নীতিজনিত ঘাটতি পূরণে 'অভিবাসনের বৈশ্বিক কম্প্যাক্ট' বাস্তবায়নের আহ্বানও জানান বক্তাগণ। -প্রেস বিজ্ঞপ্তি।





জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস
167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

Mohammed M. Alam
M.Com (Management), LL.B

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।

AFFORDABLE SENIOR CARE OF NEW YORK LLC

Licensed Home Health Care Agency

আমরা বাংলায় কথা বলি

আমাদের অফিস লোকেশন ব্রুকলিনের বাংলাদেশী অধ্যুষিত চার্চ এ্যাভেনিউ এলাকায়

CDPAP

- বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
- আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।
- রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে।





CDPAP প্রোগ্রামের আওতায় HHA /প্রশিক্ষণ ছাড়াই আপনার বৃদ্ধ, অসুস্থ বা শারিরীকভাবে অক্ষম মা-বাবা, শ্বশুর-শ্বাশুড়ি, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীদের স্বাস্থ্য সেবা দিয়ে আয় করতে পারেন।

✓ প্রশিক্ষণ ও HHA সার্টিফিকেট থাকলে আপনি আমাদের মাধ্যমে যেকোন রোগীকে স্বাস্থ্যসেবা দিতে পারেন।

✓ আপনি কি HHA অথবা PCA হিসেবে চাকুরী খুঁজছেন?

তাহলে আপনি আমাদের প্রতিষ্ঠানে সুযোগ সুবিধাসহ আকর্ষণীয় বেতনে চাকুরী করতে পারেন।

CDPAP প্রোগ্রামের জন্য কোন সার্টিফিকেটের প্রয়োজন নেই।

রোগীর জন্য বিনা মূল্যে সেবা পেতে অথবা রোগীকে সেবা দানের বিস্তারিত তথ্য জানতে বাংলায় কথা বলুন।

CDPAP Specialist: Tarin: 347-362-1525, OFF: 718-851-0325

Brooklyn OFFICE

338 East 5th Street, Brooklyn, NY 11218
(Church Ave & East 5 street)
Tarin: 718-851-0325

Jackson Heights OFFICE

37-15, 73rd Street, Jackson Heights Suite # 208
(Bangladesh Plaza)
Solaiman: 302-513-3837

Email: info@ASCofNY.com
www.affordableseniorcarenewyork.com/cdpap.html

Affordable Senior Care of New York, LLC is a Licensed Home Health Care Agency by the New York State Department of Health

Office Hour : Mon.-Friday (9am-5pm)

ট্যাক্স রির্টান নিয়ে ঝামেলা এড়াতে চান?

তাহলে আজই অভিজ্ঞ সিপিএ প্রতিষ্ঠানের পরামর্শ নিন

আমরা আপনাদের সর্বোচ্চ সেবায় নিয়োজিত



উঅকটই অ কঐঅঘ ঈচঅ চঈ

ঈবৎঃরভরবফ ঢ়ঁনষরপ ধপপড়ঁহঃধহঃ রহ ছঁববহং, ঘবণিড়ৎশ
৭৫৩৫ ৩১ঃঃ আব #২০৬ধ, উধংঃ উষসযঁৎংঃ, ঘণ ১১৩৭০

ঐড়ঁৎং:

ঙঢ়বহ · ঈষড়ংবং ৬চগ

চযড়হব: (৭১৮) ৪২৪-৬৩০০

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবৎরশরনৎরধ@মসধরষ.পড়স

ঠিকানা :
ঝঁৎ ঙ ইধহবব ঝধহমববঃ অপধফবসু
১৪৬ গধৎষনড়ৎড়ঁমষ জড়ধফ
টঢ়ঢ়বৎ উধৎনু, চঅ ১৯০৮২

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে

(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত অমিমাংসা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে দাখিলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ন সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ন ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ক্যানসিল সিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
সিটিইনর্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com



যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।

বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।



Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

বর্ণ-বৈষম্য অবসানের আন্দোলনে ৬১ বাংলাদেশী

(৪৬ পাতার পর)

অভিবাসিদের সম অধিকার, ব্যক্তি ও ধর্মীয় স্বাধীনতার লক্ষে এবং সহনশীলতার মাধ্যমে দেশ পরিচালনা করা উচিত বলে উল্লেখ করেন। আমেরিকার ১৬টি অঙ্গরাজ্যে কর্মরত চিকিৎসকবৃন্দ যৌথ বিবৃতিতে চলমান বর্ণ-জাতিগত অবিচারের বিরুদ্ধে আন্দোলনের প্রতি সমর্থন জানিয়ে স্বাক্ষর সংগ্রহের অভিযান কর্মসূচী ঘোষণা করেন।

গত ৫ জুন দেওয়া ঐ বিবৃতিতে তারা উল্লেখ করেছেন, স্বাধীনতার মূল্যবোধ, সম-অধিকার অথবা ন্যায় বিচার এবং সহনশীলতার ভিত্তিতে অভিবাসী সমাজ যুক্তরাষ্ট্র প্রতিষ্ঠা করেছে। অথচ প্রতিষ্ঠার পর থেকে কী এক অদৃশ্য কারণে কৃষ্ণাঙ্গরা কোন সেক্টরেই শ্বেতাঙ্গদের সমান সুযোগ পাচ্ছেন না। আর এমন বৈষম্য গৃহায়ন, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং বিচার বিভাগে ন্যায় বিচারের ক্ষেত্রেও বিদ্যমান।

বিবৃতিতে আরো বলা হয়: আমেরিকাতে চিকিৎসা ক্ষেত্রে এবং বিভিন্ন অঙ্গে অবদান রাখতে পারার জন্য বাংলাদেশী বংশোদ্ভূত আমেরিকান চিকৎসকরা অত্যন্ত গর্বিত। বাংলাদেশী চিকিৎসকরা মহামারী কভিড ১৯ চিকিৎসার জন্য সামনের সারিতে নিবেদিত এমনকি আমাদের চিকিৎসকরা প্রাণ দিতে ও পিছপা হননি। আমারা জানি আমেরিকাতে আমাদের এবং সকল সংখ্যালঘুদের আজ এই সন্মানজনক পরিস্থিতি উপভোগ করার জন্য সবচেয়ে বড় অবদান হচ্ছে আফ্রিকান আমেরিকানদের। বহু বছরের সংগ্রাম, ত্যাগ, দুঃখ, চোখের জল ও ঘামের ইতিহাস। আমরা তাঁদের কৃতজ্ঞচিত্তে স্মরণ করি এবং তাদের সংগ্রামের জন্য আজ সকল সংখ্যালঘু সম্প্রদায় দায়বদ্ধ। তাই আজকের আমাদের এই প্রতিবাদে নির্ভয়ে সামিল হওয়া একটি নৈতিক এবং মানবিক দায়িত্ব বলে মনে করি।

বিবৃতিতে আরো বলা হয়, আমরা নিজেরা দেখছি সমগ্র আমেরিকাব্যাপি আজ সহিংসতা এবং ভাংচুর চলছে। আমাদের কমুনিটির অনেকের ব্যবসা সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে। তাদের পরিবার নিয়ে অসহনীয় বিপদের মাঝে পড়েছেন। অকারণে মানুষ হত্যা, ন্যায্য দাবি অগ্রাহ্য করা, অসম্মান করা এবং শোষণ করা এইভাবে চলতে পারেনা। আমরা আমেরিকান নাগরিক হওয়ার সময় তার সংবিধানকে উন্নত রাখতে শপথ নিয়েছিলাম। তখনি আমরা সংবিধান অনুযায়ী সকল বৈষম্য ও অন্যায়ের বিরুধ্যে এবং নাগরিকদের সমান অধিকারকে প্রতিষ্ঠিত করার লক্ষে দায়িত্ব নিয়েছিলাম। আমরা যখন চিকিৎসক হয়ে ছিলাম তখন ও আমরা মানুষকে যে কোন ক্ষতি থেকে বাঁচাবার চেষ্টা করার শপথ নিয়েছিলাম। এখন এই দুর্যোগে এটি প্রমান করার সময় এসেছে। আমরা বিভিন্ন রাজ্যে দায়িত্বশীল নেতৃত্ব দেবার অঙ্গীকারে আজ এই অন্যায়ের তীব্র প্রতিবাদ জানিয়ে আফ্রিকান আমেরিকান কমিউনিটির সাথে সম্পূর্ণভাবে একাত্মতা ঘোষণা করছি। আমাদের সাথে আরো অনেক বাংলাদেশী বংশদ্ভুত আমেরিকান চিকৎসকরা শিঘ্রই একাত্মতা ঘোষণা করবেন বলে আমাদের প্রত্যাশা।"

বিবৃতিতে স্বাক্ষরকারী ৬৫ চিকিৎসকের মধ্যে রয়েছেন পেনসিলভানিয়ার অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদ, ডা. ফাতেমা আহমেদ, ডা. মনজুর আহমেদ, ডা. কাজী আলতাফ হুসাইন, ডা. ইবরুল চৌধুরী, ডা. আজাদ আহমেদ, ডা. নাহরীন আহমেদ, ডা. মালিহা আহমে। নিউইয়র্ক-এর ডা. আবুল কালাম আজাদ, ডা. মাহবুব আহমেদ, ডা. কামাল আহমেদ, ডা. মোহাম্মদ আলম, ডা. আশফাক হোসাইন, ডা. মাসুদুল হাসান, ডা. প্রতাপ দাস, ডা. জুন্নুন চৌধুরী, ডা. তানভীরা মুস্তাফা ইসলাম, ডা. ইউসুফ আল মামুন, ডা. নাহরীন মামুন, ডা. সাঈদা হোসাইন, ডা. নওশীন হাকিম, ডা. নাজমুল খান, ডা. নাসরিন খান ও ডা. মাসরুর খান। নিউজার্সীর ডা. মাহবুব রহমান, ডা. ফিরোজ রহমান, ডা. ফজলে নূর। ফ্লোরিডার ডা. বিএম আতিকুজ্জামান, ডা. ইকবাল আহমেদ, ডা. মাহমুদুল হক, ডা. ইমতিয়াজ আহমেদ, ডা. বশির আহমেদ, ডা. হাসান জামান। ক্যালিফোর্নিয়ার ডা. আবু নসর, ডা. রুবি হোসাইন, ডা. সালমা খান, ডা. সুহেলা খান। নর্থ ক্যারোলিনার ডা. আবুল ইমাম, ডা. দাবিরুদ্দিন হুমায়ুন, ডা. মালেক আহমেদ, ডা. রিয়াজ চৌধুরী। মেরিল্যান্ড-এর ডা. হলিদা হানুম আক্তার, ডা. আব্দুল্লাহ হেল বাকী, ডা. রফিক আহমেদ। দেলওয়ার-এর ডা. আশিক আনসার, ডা. নুরুন বেগম। জর্জিয়ার ডা. মুহাম্মদ আলী মানিক, ডা. খাজা আহমেদ, ডা. সায়মা খান। কেনটাকির ডা. আয়েশা শিকদার, ডা. ইয়াহিয়া মান্নান, ডা. মুশতাক আহমেদ। নেভাদা'র ডা. চৌধুরী হাফিজ আহসান, ডা. সেলিনা পারভীন। টেক্সাস-এর ডা. নওশীন জামাল, ডা. বাসেত খান, মিশিগান-এর ডা. মুহাম্মদ হোসাইন, ডা. মোতাহার আহমেদ। ম্যাসাচুসেটস-এর ডা. ইসমত হাকিম, কানেকটিকাট-এর ডা. গোলাম রাসূল গাজী, ডা. আদিবা গীতি, ওহাইয়ো'র ডা. জামিল আহমেদ, নিউ মেক্সিকো'র ডা. ফারিনাজ খান। লুইজিয়ানা'র ডা. দেওয়ান মজিদ, ইন্ডিয়ানা'র ডা. তাসবিরুল ইসলাম।

জাতিসংঘের পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০

(৪৬ পাতার পর)

উৎসাহ জোগাবে'। পুরস্কার জয়ের এই চিঠি পাওয়ার পর এক প্রতিক্রিয়ায় রাষ্ট্রদূত ফাতিমা বলেন, 'আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের এ ধরনের সাফল্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণের দূরদর্শী উদ্যোগেরই ফসল'। অসামান্য এই অর্জনের জন্য ভূমি মন্ত্রণালয়কে অভিনন্দন জানান বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।

স্থানীয়, জাতীয় ও বৈশ্বিক সম্প্রদায়ের জন্য প্রদত্ত সেবার গুণগত মান ও উৎকর্ষ উদযাপনের উদ্দেশ্যে জাতিসংঘ সাধারণ পরিষদ রেজুলেশন ৫৭/২৭৭ এর মাধ্যমে ২৩ জুনকে 'জাতিসংঘ পাবলিক সার্ভিস দিবস' হিসেবে ঘোষণা করে। প্রতিবছর ২৩ জুন, যথাযোগ্য আনুষ্ঠানিকতার সাথে জাতিসংঘ দিবসটি উদযাপন করে। এসময় বিশ্বজুড়ে সরকারি সেক্টরে গৃহীত সর্বোত্তম উদ্ভাবনী উদ্যোগসমূহকে পুরস্কারের মাধ্যমে স্বীকৃতি দেওয়া হয়।

বিশ্বব্যাপী কোভিড-১৯ এর প্রাদূর্ভাবের প্রেক্ষাপটে জাতিসংঘ এবারের পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠান স্থগিত করেছে। তবে জাতিসংঘ এর সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্নমূখী প্রচার কার্যক্রমের মাধ্যমে এই পুরস্কার বিজয়ের বিষয়টি তুলে ধরার পরিকল্পনা গ্রহণ করেছে। -প্রেস বিজ্ঞপ্তি।

স্কয়ারের আইসিইউ পরিচালক ডা. নাজিম

(৪৬ পাতার পর)

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক ব্যক্তিগত চিকিৎসক ছিলেন। গত ৪ জুন ফাউন্ডেশন ফর ডক্টরস সেফটি, রাইটস অ্যান্ড রেসপনসিবিলিটিস-এফডিএসআর সারা দেশে কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে ১৮ জন চিকিৎসকের মারা যাওয়ার তথ্য জানিয়েছিল। এরপর আরও দু'জনের মৃত্যু হয়। এছাড়াও করোনাভাইরাসের উপসর্গ নিয়ে পাঁচ চিকিৎসকের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে এফডিএসআর।

শোক প্রকাশ: ডা. মির্জা নাজিম উদ্দিনের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)-এর সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মো: ইহতেশামুল হক চৌধুরী। বিএমএ মরহুম ডা. মির্জা নাজিম উদ্দিনের রুহের মাগফিরাত কামনা ও শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছে।

ডা. মির্জা নাজিমউদ্দিনের মৃত্যুতে আরো শোক প্রকাশ করেছেন স্কয়ার হাসপাতালের অনকোলজিস্ট ডা. মোহাম্মদ সৈয়দ আকরাম হোসেইন। শোক প্রকাশ করেছেন যুক্তরাষ্ট্র প্রবাসী নিউইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাব ও টাঙ্গাইল প্রেসক্লাব-এর সাবেক সাধারণ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ।

নিউইয়র্কে সাংবাদিকদের উপর হামলার নিন্দা

(৪৬ পাতার পর)

নিউইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাবের পক্ষ থেকে সভাপতি ডা. ওয়াজেদ এ খান ও সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম এক বিবৃতিতে সাংবাদিকদের উপর হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে ঘটনার তীব্র নিন্দা জানানোর পাশাপাশি উদ্ভুত পরিস্থিতিতে সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালন করার জন্য সাংবাদিক বন্ধু/সহকর্মীদের প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন।

এছাড়াও বিবৃতিতে প্রেসক্লাব নেতৃবৃন্দ জাতীয় প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফরিদা ইয়াসমিনের রত্নগর্ভ মা এবং ঢাকাস্থ সম্পাদক পরিষদের সাধারণ সম্পাদক ও বাংলাদেশ প্রতিদিন সম্পাদক নঈম নিজামের শাশুড়ি জাহানারা হোসেন সহ বিশিষ্ট সাংবাদিক, প্রধানমন্ত্রীর শেখ হাসিনার উপ প্রেস সচিব আশরাফুল আলম খোকনের বাবা আনোয়ার হোসেন ইন্তেকালে প্রেসক্লাবের পক্ষ থেকে গভীর শোক ও সমবেদনা এবং মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। উল্লেখ্য, জাহানারা হোসেন গত ৩ জুন বুধবার এবং আনোয়ার হোসেন গত ১ জুন সোমবার গাজীপুরের কাপাসিয়া উপজেলার তারাগঞ্জ গ্রামের নিজ বাসভবনে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)।

লাইন ও স্বাস্থ্যবিধির শিকলবন্দী নিউইয়র্কের জনজীবন

(শেষের পাতার পর)

সর্বত্র বিশাল লাইন। আর এজন্য সময়ের অপচয় হচ্ছে অনেক। ব্রঙ্কসের ব্যাংক অব আমেরিকার সামনে সরে জমিনে গিয়ে দেখা গেলো বিশাল লাইন একে-বেকে অনেক দূর ছড়িয়ে পড়েছে। লাইনে দাঁড়ানো অনেকের চোখে মুখেই বিরক্তির ছাপ। এদের একজন জানালেন আমাদের এই লাইনবন্দী জীবনকে-ই সম্ভবত আগামী দিনের সাথী করে নিতে হবে। আর এজন্য আমাদের আগের চেয়ে বেশী কর্মঘন্টা নস্ট হবে।

বি এক্স-৪৪ বাসটি ব্রঙ্কস বরো থেকে কুইন্স বরো পর্যন্ত যোগাযোগ রক্ষা করে। দুটি বাস একত্রে সংযোগ করে পরিচালিত হয়। দেখা গেলো একটা বাস সার্ভিস দিচ্ছে। দাঁড়িয়ে যেতে আইনত বারণ বিধায় অনেকেই উঠতে না পেরে পরবর্তী বাসের জন্য অপেক্ষা করতে হচ্ছে যা অনেকের কাছে বিরক্তির কারণ হয়ে দাঁড়িয়েছে। এদিকে সোস্যাল ডিসট্যান্স মেনে চলতে গিয়ে সব প্রতিষ্ঠানের বাইরে খোলা আকাশের নীচে দাঁড়াতে হচ্ছে ভোক্তাকে। যেজন্য রোদের তাপ বা বৃষ্টি সমস্যার সৃষ্টি করছে। একই কান্ড ঘটলো পোস্ট অফিসের সামনে। হঠাৎ করে বৃষ্টি নেমে আসায় অনেকের জরুরী কাগজপত্র ভিজে ভিজে একাকার।

আজ সোমবার (৮জুন) থেকে লকডাউন খোলার প্রথম ধাপে নিউইয়র্ক সিটিতে খুলছে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান, অফিস-আদালত। খুলছে ইমিগ্রেশন অফিস। বাংলাদেশী-আমেরিকান এটর্নী নাজমুল আলম জানালেন, আগের মত আর হুট করে এখন ইমিগ্রেশন অফিসে ঢুকা যাবেনা। প্রথমত স্বাস্থ্যবিধি মেনে লাইন ধরতে হবে। অফিস কক্ষের সামনে রাখা হ্যান্ড সেনিটাইজ ব্যবহার করে রুমে ঢুকতে হবে। তারপর স্বাস্থ্যবিধি সংক্রান্ত কিছু প্রশ্নমালা সমৃদ্ধ ফর্ম পুরন করতে হবে। তিনি বা পরিবারের কেউ কোভিড-১৯ আক্রান্ত হয়েছিলেন কিনা, বর্তমানে শারিরীক অবস্থা কি ইত্যাদি নানান প্রশ্নের জবাব দিয়ে তবেই ওয়েটিং রুমে প্রবেশাধিকার পাওয়া যাবে।

অপরদিকে দীর্ঘদিন বন্ধ থাকার পর জনপ্রিয় কফি শপ স্টার বাক্স খুললেও নীতিমালায় পরিবর্তন এনেছে অনেক। রুমে ঢোকার কারো অনুমতি নেই। ওয়াক ইন সার্ভিসও বন্ধ। ওদের নিজস্ব ওয়েবসাইটে অর্ডার দিলেই কেবল টেক আউট দেয়া হবে অন্যথা নয়।

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

আমাদের কমিউনিটির জন্য ২০২০ আদমশুমারি পূরণ করুন।



যুক্তরাষ্ট্রে যারা বসবাস করেন তাদের সকলকে ২০২০ আদমশুমারিতে গোনা হচ্ছে। আগামী দশ বছরে, স্বাস্থ্যকেন্দ্র, জরুরি পরিষেবা এবং শিক্ষা ক্ষেত্রে প্রতি বছর কয়েক শতকোটি ডলার তহবিল কীভাবে ব্যয় করা হবে তা নির্ধারণে সাহায্য করার জন্য আজই আদমশুমারি পূরণ করুন। **অনলাইনে কিংবা ডাক যোগে এটি করতে পারেন। কীভাবে করবেন তা 2020CENSUS.GOV/bn এই ওয়েব সাইটে জেনে নিন।**

2020CENSUS.GOV/bn

অর্থায়ণ: ইউ.এস. আদমশুমারি ব্যুরো

Shape your future START HERE >

United States® Census 2020



ট্যাক্স ফাইলিং আপনার আমেরিকার জীবনে খুবই গুরুত্বপূর্ণ



আমাদের এখানে সিপিএ দ্বারাও ট্যাক্স ফাইল করা হয়

তাই নির্ভুল এবং যথাযথ ফাইলিং করে পরবর্তীতে আফসোস থেকে রক্ষা পেতে দীর্ঘ ৩০ বছরের বেশী অভিজ্ঞতা সম্পন্ন প্রফেসর এহতেশামুল হক

সাউথইস্ট ইউএসএ ইনকাম ট্যাক্স সার্ভিসেস

৭ মাসের মধ্যেই আপনার ক্রেডিট লাইন বাড়ি ক্রয় করার উপযোগী করা সম্ভব



আমেরিকায় আপনার জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ হচ্ছে ক্রেডিট স্কোর

Tax Professional
Top 500 Intuit-
IRS Authorized

যুক্তরাষ্ট্রে গাড়ি ও বাড়ি ক্রয়, এপার্টমেন্ট ভাড়া, যেকোন প্রকার ঋণ পেতে প্রয়োজন ভালো ক্রেডিট স্কোর। যদি আপনার ক্রেডিট খারাপ থাকে, তাহলে নিশ্চিন্তে ভালো করতে আমাদের সহায়তা নিন। বিনামূল্যে ক্রেডিট বিষয়ক পরামর্শের প্রয়োজনে যোগাযোগ করুন।

প্রফেসর এহতেশামুল হক



ফ্রি ক্রেডিট রিপেয়ার সেমিনার

সাইথ ইষ্ট ইউএসএ গ্রুপের উদ্যোগে
ফ্রি ক্রেডিট রিপেয়ার সেমিনার

- শনিবার : দুপুর ১২ টা থেকে ২টা
- রবিবার : ৩ টা থেকে ৫ টা
- শুক্রবার : ৩ টা থেকে ৬ টা
- বৃহস্পতিবার : ৪ টা থেকে ৫ টা

যোগাযোগ : **প্রফেসর এহতেশামুল হক**
৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন

ঠিকানা : ৭৪-০৯, ৩৭ এভিনিউ
জ্যাকসন হাইটস, সুইট ২০৬
ফোন : ৭১৮-৬৩৯-৬২০৭, ৯১৭-৫৬৬-১৬১২

সাউথইস্ট ইউএসএ গ্রুপ ইন্‌ক-এর কাছে আসুন
Southeast USA Group Inc.

JACKSON HEIGHTS OFFICE
74-09 37th Avenue, 2nd Floor #206
Jackson Heights, NY 11372
Tel: 718-639-6207, Fax: 718-412-3249

Cell: 917-566-1612
E-mail: Usa.bd54@gmail.com

BRONX OFFICE
1445 Unionport Road (Inside Parkchester Family Pharmacy)
Bronx, NY 10462,
Tel: 347-621-0378, Cell: 718-427-5919





ফোবানার উদ্যোগে প্রথম কবিড-১৯ ও এন্টিবডি

(শেষের পাতার পর)

টেস্ট প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ফোবানা'র এই আয়োজনে আরো যেসকল সংগঠন সহযোগিতা করেছে সেগুলো হলো- বাপা (বাংলাদেশী আমেরিকান পুলিশ এসোসিয়েশন) ও হেল্প চিটাগোনিয়ান্স (প্রবাসী চট্টগ্রামবাসী) এবং স্পনসর করে মার্কস হোম কেয়ার। গত ৫ জুন শুক্রবার দুপুর ১২ টায় শুরু হয়ে একটানা সাড়ে ৫টা পর্যন্ত কার্যক্রম চলে। প্রায় চার শতাধিক মানুষ এই প্রক্রিয়ায় অংশগ্রহণ করেন। বাংলাদেশীদের পাশাপাশি বিপুণ সংখ্যক বিদেশীকেও দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থেকে এই সেবা নিতে দেখা যায়।

কবিড-১৯ ও এন্টিবডি টেস্ট এর পুরো কার্যক্রমের মূল দায়িত্বে ছিলেন ফোবানা'র এক্সিকিউটিভ সেক্রেটারী কাজী আজম ও ফোবানা কনভেশন-২০১৯ এর মেম্বার সেক্রেটারী ফিরোজ আহমেদ।

ফোবানা-২০১৯ এর কনভেনর শাহ নেওয়াজ, এটর্নি মঈন চৌধুরী, কমিউনিটি বোর্ড মেম্বার মামনূনুল হক, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ড সদস্য হাজী মফিজুর রহমান, সোসাইটির সাবেক কর্মকর্তা আহসান হাবিব সহ কমিউনিটি নেতৃবৃন্দের মধ্যে এস এম রেজা, নুরুল আমিন, মোস্তফা কামাল পাশা বাবুল, বখতিয়ার উদ্দিন, আহসান উল্লাহ বাচ্চু, মুরসালীন হোসাইন, আবুল কাশেম, আনোয়ার হোসাইন, মাসুদ, মাকসুদ চৌধুরী, মীর কাদের রাসেল, আরিফুল ইসলাম প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবর্গ সারাক্ষণ উপস্থিত থেকে আয়োজকদের সার্বিক সহযোগিতা প্রদান করেন।

অনুষ্ঠানে ব্রুকলীন সাউথ-এর ডেপুটি পুলিশ চিফ চার্লস সাহল ও পুলিশ-এর কমিউনিটি অ্যাফেয়ার্স চিফ উপস্থিত ছিলেন।

কমিউনিটিতে ফোবানার পক্ষ থেকে এই ধরণের চমৎকার ও সময়োচিত কবিড -১৯ ও এন্টিবডি টেস্ট এর ব্যবস্থা করার জন্য সকল মহল থেকে সাধুবাদ জানানো হয়। এছাড়াও ফোবানা চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান সংশ্লিষ্ট সকলকে অনুষ্ঠানে সহযোগিতা করে সফল করার জন্য অভিনন্দন জানিয়েছেন।

আগামী ১২ জুন শুক্রবার জ্যাকসন হাইটস-এর ডাইভারসিটি প্লাজায় দুপুর ১২টায় একই ধরণের আরেকটি টেস্টিং এর আয়োজন করেছে ফোবানা। আগ্রহীরা সেবা নিতে অনুরোধ জানানো হয়েছে।

নিউইয়র্ক'র গভর্নর ও মেয়রের দুরত্ব বাড়ছে


(শেষের পাতার পর)

বড়দের সাথে যুক্ত হচ্ছেন শিশুরা। ফলে শৃংখল যুক্তরাষ্ট্রের শৃংখলা ভেঙ্গে পড়েছে। কারফিউ ভেঙ্গে রাস্তায় বিশৃংখলায় সীমাবদ্ধ নেই। প্রশাসনেও চেইন অব কমান্ড ভেঙ্গে পড়েছে। কোন কোন সমাবেশে অর্ধলক্ষাধিক মানুষ অংশ নিচ্ছেন। শুধু কৃষ্ণাঙ্গ হত্যার প্রতিবাদই নয় একটি পরিবর্তনের দাবী তুলছেন আন্দোলনকারীরা। এই আন্দোলন দমন করতে ১০ হাজার সৈন্য মোতায়েনের কথা বলেছেন প্রেসিডেন্ট ট্রাম্প। ট্রাম্পের বিতর্কিত বক্তব্য এবং উদ্যোগের জন্য সমালোচনার ঝড় বইছে যুক্তরাজ্যজুড়ে। নিউইয়র্ক-এর বাফেলো কাউন্টির পুলিশের একটি ইউনিটের সকল সদস্য পদত্যাগ করেছেন। এই ইউনিটের ২জন সদস্যকে সাসপেন্ড করার প্রতিবাদে পদত্যাগ করেছেন তারা। এদিকে এনওয়াইপিডি চীপ, নিউইয়র্ক-এর গভর্নর ও মেয়রের দুরত্ব ক্রমেই বাড়ছে। এদিকে গত এক সপ্তাহ ধরে যুক্তরাষ্ট্র জুড়ে উত্তাল পরিবেশের কারনে করোনা পরিস্থিতির আবারো অবনতি হচ্ছে। ওয়ার্ল্ডোমেটারের তথ্যমতে, গত ২৪ ঘন্টায় যুক্তরাষ্ট্রে শনাক্ত হয়েছেন প্রায় ৪০ হাজার, শুধু নিউইয়র্কে শনাক্ত হয়েছেন ১০ হাজার। নিউইয়র্কের হাসপাতালে ভর্তি বাড়ছে, বাড়ছে আইসিইউতে ভর্তির সংখ্যা। এই বাস্তবতায় ৮ জুন সোমবার লকডাউন তুলে নেয়া হচ্ছে। অপরদিকে করোনাভাইরাস টেস্টিং এর হার আবার বেড়েছে, টেস্টিং-এর করোনা ৩ ভাগ থেকে বেড়ে সেটি আবারো ৪এ উন্নীত হয়েছে। যুক্তরাষ্ট্রে করোনায় শনাক্ত এখন ১৯লাখ ৬৫ হাজার এর উপরে, এটি একদিন আগে ছিল ১৯ লাখ ২৪ হাজার। যুক্তরাষ্ট্রে টেস্ট এর সংখ্যা দুই কোটি অতিক্রম করেছে, তবে মৃতের সংখ্যা কমেছে। যেটি আশার আলো দেখাচ্ছে। এই রিপোর্ট লেখা পর্যন্ত গত ২৪ ঘন্টায় মারা গেছেন যুক্তরাষ্ট্রে ৭শ জন, নিউইয়র্কে মৃত্যু একদিনে ২৯ জন। তবে আবারো আক্রান্ত হওয়ার সংখ্যা উদ্বেগজনক পর্যায়ে চলে যাচ্ছে। এদিকে ২৪ ঘন্টায় যুক্তরাষ্ট্রে সুস্থ হওয়ার সংখ্যা সন্তোষজনক, যা ১৩ হাজারের উপরে। এদিকে নিউইয়র্ক-এর মেয়র ডি ব্লাজিওর সমালোচনা থামছেনা। তার পদত্যাগ দাবী করা হচ্ছে,অভিযোগ করা হচ্ছে কৃষ্ণাঙ্গ স্ত্রী-সন্তানের কারনে মেয়র আন্দোলনকারীদের সহায়তা করছেন, লুটপাট বন্ধ করতে ব্যর্থ হচ্ছেন। পুলিশকে ব্যবহার করতে পারছেন না। এদিকে বাংলাদেশী ব্যবসায়ীদের মধ্যে লুটপাট আতংক ছড়িয়ে পড়েছে। যুক্তরাষ্ট্র জুড়ে ছড়িয়ে পড়া আন্দোলনের প্রভাব পড়েছে ক্রীড়াঙ্গনে। ফুটবলের সব চেয়ে বড় ইভেন্ট ইউএস ফুটবললীগে খেলোয়াড়রা হাটু গেড়ে জর্জপ্লয়েডকে স্মরণ করেছেন। ঐ অনুষ্ঠানে প্রেসিডেন্ট ট্রাম্প বিরক্তবোধ করেছেন, তবে ট্রাম্প এর এই মনোভাবের সমালোচনা করেছেন ফুটবল লীগ কমিশনার। এদিকে যুক্তরাষ্ট্র জুড়ে বর্ণবাদ ইস্যুতে নিউইয়র্কসহ সব বড় বড় শহরে বিক্ষোভ হয়েছে। এ পর্যন্ত ১২ হাজার মানুষকে গ্রেফতার করেছে পুলিশ। ব্যবসা প্রতিষ্ঠানে লুটপাট, ডাকাতি এড়াতে ব্যবসায়ীরা নিচ্ছেন বাড়তি সতর্কতরা,সহজে প্রবেশের সুযোগ বন্ধ করে দিচ্ছেন তারা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বা রাখতে কোথাও কোথাও ন্যাশনাল গার্ড মোতায়ের করা হয়েছে। নিউইয়র্ক এর গভর্নর কোমো বলেছেন আন্দোলন এবং লুটপাট একসাথে চলতে পারেনা। নিউইয়র্ক এর মেয়র বিল ডি ব্লাজিও গত সোমবার এবং মঙ্গলবার রাতে লোটপাটে ক্ষতিগ্রস্তদেরকে ৫লাখ ডলার ক্ষতিপূরণ দেয়ার ঘোষনা দিয়েছেন।



রিমোট লার্নিং অব্যাহত রয়েছে,
এবং NYC DOE এখনও আপনার পরিবারের পাশে আছে!

আরও তথ্য পেতে এবং আপনার সন্তান বাড়িতে স্কুলের লেখাপড়ার জন্য ইন্টারনেট সংযোগসহ একটি ডিভাইস ধার করতে, schools.nyc.gov ওয়েবসাইট দেখুন অথবা 311 নম্বরে ফোন করুন।



NYC Department of Education



Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
- Accounting:
- Business Licenses

Wasi Choudhury, EA

Admitted to practice before the IRS



37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377 • Tel: 718-205-3460, 718-440-6712 • Fax: 718-205-3475 • Email: wasichoudhury@yahoo.com

এলাকা অনুযায়ী খ্রীষ্ট ধর্মাবলম্বী চার্চের নাম ও ফোন

উডসাইড-ইউনাইটেড বেঙ্গলী লূথারেন	৯১৭৬০৫৪৫৬৬
উডহ্যাভেন-ক্রাইস্ট বাংলা	৯১৭৬৮৩৩০৫৯
ওজনপার্ক-ফার্স্ট বাংলা	৯১৭২১৬৬৭৫০
করোনা-সহভাগিতা	৯১৭৩৯২৬৭৭৩
করোনা-ইভাঞ্জেলীক্যাল বাংলা	৬৪৬৩৯৯৩৮১২
জ্যাক্সন হাইটস-বাংলা বাইবেল	৩৪৭৭৪৪৫৯৯৩
জ্যাকসন হাইটস-বেথেল ব্যাপ্টিস্ট	৩৪৭৫৭৩৭৫৯৩
ব্রঙ্কস-শেলম ইভাঞ্জেলীক্যাল	৬০৩৮২০০৬৪৯
সানিসাইড-কুইন্স অব এঞ্জেলস	৭১৮৩৯২০০১১
হিলসাইড-ইমাকুলেট কন্সেপশন	৭১৮৭৩৯০৮৮০

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং

ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual Side) কর্পোরেশন, পার্টনারশীপ, নটারস প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন

সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিট অব সাপোর্ট, কার্গ সার্টিফিকেট এর এ্যাফিডেভিট এবং অন্যান্য ইমিগ্রেশন সম্পর্কিত দিয়াদি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

- ❋ বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিস্ট্রেশন
- ❋ নোটারী পাবলিক রেজুমী
- ❋ দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
- ❋ ট্রান্সলেশন সার্ভিসেস

SNS Authorized *IRS efile* Provider

Electronic Filing & Direct Deposite for Accurate Faster & Secure Refund



অফিস খোলা: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আপনাদের বরাবরে ১৪ বছরের বেশী সিটিজেন্স নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম

৩৫-৪২ ৩১ স্ট্রিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬

ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১

(N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ গাড়ওয়ের নিকটে)

Law Firm of Attorney Najmul Alam





এটর্নী নাজমুল আলম, এটর্নী এট ল' ইউ,এস, সুপ্রীম কোর্ট

ম্যানহাটন অফিসঃ (২১২) ৫৯৯-৭২৯৯
(২৬ ফেডারেল প্লাজার সামনে)
২৯৯ ব্রডওয়ে, সুইট # ১৭০০, নিউইয়র্ক, নিউইয়র্ক ১০০০৭

- ★ Immigration
- ★ Asylum Cases
- ★ Divorce
- ★ Title Insurance
- ★ Real Estate Closing
- ★ Investment Visa E2 EB5
- ★ Deportation Defense
- ★ Criminal Defense Cases
- ★ Citizenship Tests

এসাইলাম, পাবলিক চার্জ, ওয়েভার, সিটিজেনশীপ, মোশন, আপীল সহ সব ধরনের ইমিগ্রেসন কেস।

JUSTICE law firm

Manhattan Office: (212) 599-7299
(In Fornt of 26 Fedarel Plaza)
299 Broadway, Suite # 1700, New York, New York 10007

LAW OFFICE OF H. BRUCE FISCHEB

এক্সিডেন্ট (দুর্ঘটনা) কেইসেস

যে কোন ধরনের দুর্ঘটনা, যেমন গাড়ী, ট্রাক, সাবওয়ে, ট্রেইন, কাজের জায়গাতে আঘাত, হসপিটালে ভুল চিকিৎসা, কনষ্ট্রাকশন অথবা রাস্তায় পড়ে আঘাতের কারণ আপনারা বড় ধরনের ক্ষতিপূরণ দাবী করতে পারেন। এ ব্যাপারে আমরা আপনাদের সাহায্য করতে সর্বদা প্রস্তুত। এক্সিডেন্টের জন্য আজই যোগাযোগ করুন

OFFICE: 45 ROCKEFELLER PLAZA, Suite# 2916, NY 10111, Tel: (212) 957-9634



H. Bruce Fischer
Attorney at Law

WE ARE COMMITED TO PROTECT YOUR RIGHTS

BD TAX & ACCOUNTING LLC

FILE YOUR TAX RETURN BY FEDERALLY LICENSED (EA) TAX PROFESSIONAL

IRS e-file

ENROLLED AGENT

- Individual Tax
- All types of Business Tax
- Bookkeeping (QuickBooks)
- Payrolls (Pay Stubs)
- New Business Setup (Including for Foreigner)
- Licensing
- Represent Taxpayer before IRS/State Audit



Munir Ahmed,EA,MBA

Immigration Form Filing Service

- Family Petition
- Citizenship Application
- Affidavit of Support
- Green Card Renewal
- Green Card Condition Removal

Maximum Refund
Affordable Fees
Professional Service

Cell: 917-655-8271
Office: 718-446-4200

37-15 73rd Street, Suite#207A,
(Bangladesh Plaza), Jackson Heights, NY 11372
Fax 718-446-0042, Email: bdtaxllc@gmail.com

মনোরম পরিবেশে দক্ষ জনবল নিয়ে নতুন সেবায়

রফিক এন্ড এসোসিয়েটস সি.পি.এ



MD. RAFIQUL ISLAM, CPA
M.A Economics/ Accounting, USA
B.Com (Hons), M.Com, Dhaka

ঠিকানা
484 McDonald Ave, Suite #2nd Floor
Brooklyn, NY 11218
Tel: 718-431-0632 & 718-431-0633
rafiqcpa@gmail.com
RAFIQUL7@aol.com

- ওয়ার্কার্স কমপেনসেশন, লায়াবিলিটি, ডিজএ্যাবিলিটি, হোম ইন্স্যুরেন্স এবং বন্ড
- আমেরিকার সকল স্টেটের ট্যাক্স ফাইল করা হয়।
- সম্পূর্ণ বিজনেস একাউন্টিং, সেলস ট্যাক্স এবং পে-রোল সার্ভিসেস।
- ইমিগ্রেশন, সিটিজেনশীপ ইত্যাদি সার্ভিস এবং সেই হিসেবে ট্যাক্স ফাইল করা হয়।
- ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট।
- নট ফর প্রফিট।
- অতীতের সংশোধিত রিটার্ন এবং অডিট নিষ্পত্তি।
- কর্পোরেশন, পার্টনারশীপসহ সব ধরনের ব্যবসা গঠন এবং যাবতীয় লাইসেন্স ও সার্টিফিকেট।

৭দিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা

সকল প্রকার ইন্স্যুরেন্স

ট্যাক্স, একাউন্টিং, বিজনেস, ইন্স্যুরেন্স ও ইমিগ্রেশন

সকল ও দফতরের সাথে টাকা পাইসা করে আপনার জন্য সাইনবোর্ডে সর্বোচ্চ রিফান্ড এনে দেওয়াই আমাদের কাজ

RAFIQ & ASSOCIATES, CPA
484 McDONALD Insurance Agency LLC

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh,
Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হেপ্স ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

ডা. এটিএম ইউছুফ (স্পপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ভায়াবেটিস, উচ্চরক্তচাপ, থাইরয়েড, এলার্জি, বাতের ব্যথা, চর্মরোগ, কীট ক্লোনহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরনের ইন্সুরেন্স কার্ড সহ বাংলাদেশী ভলান্টিয়ারদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

Law Offices of
H. Bruce Fischer ESQ PC
Practice Limited to
Construction Accident
Motor Vehicle Accident
Medical Malpratice





H. Bruce Fischer, ESQ
Attorney At Law
New York
Phone: 212-957-3634

Mohammed N Mujumder, LLM
Master of Laws (NY)
Senior Paralegal
Cell: 917-597-6349

We Recovered Millions of Dollars For Accident Victims

We Speak Bangli.
Past Result does not guarantee future outcomes

ইনকাম ট্যাক্স
INCOME TAX
ইনকাম ট্যাক্স, ইমিগ্রেশন ও জেনারেল সার্ভিসের জন্য একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান
দীর্ঘ ১৮ বৎসর ধরে আমরা আপনাদের সেবায় নিয়োজিত

AUTHORIZED e-file Provider
অতি যত্ন সহকারে আপনাদের নির্ভুল ট্যাক্স রিটার্ণ করে দেয়ার দায়িত্ব আমাদেরকে দিন

শুধু ট্যাক্স ফাইলের সময়েই নয় বরং সারা বৎসর ধরেই আমরা আছি আপনাদের পাশে
NOTARY PUBLIC

প্রাইম ব্রোকারেজ

যোগাযোগঃ *আবুল কালাম*
T: **718-274-1908**, F: **718-728-2293**
email: **primebrokerage34@gmail.com**
৩৪-০৩ ৩০ এভিনিউ, এষ্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৩

ট্যাক্স ও ইমিগ্রেশনের কাজে প্রয়োজন বিশ্বস্থ প্রতিষ্ঠান,
কারণ আপনার ব্যক্তিগত সকল তথ্যাদি থাকছে প্রতিষ্ঠানটির কাছে।

Dynamic Tax, Accounting & Immigration Services
ডাইনামিক ট্যাক্স একাউন্টিং এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস

দীর্ঘ ১৮ বছর সফলের পর আমাদের নতুন শাখা এখন জ্যামাইকায়

আইআরএস-এর নিয়ম অনুযায়ী সর্বোচ্চ রিফান্ডের নিশ্চয়তা।
দক্ষতার সাথে দ্রুত ও নির্ভুল ট্যাক্স-এর জন্য আমাদের সেবা নিন।

আইআরএস এবং স্টেট অডিট সংক্রান্ত সহযোগিতা সহ একাউন্টিং সম্পর্কিত যাবতীয় সমস্যার সমাধান করে থাকি।

২০১১ সালের "বেস্ট অফ ব্যাংকুক" এওয়ার্ড বিজয়ী

আমাদের সেবাসমূহঃ-

www.dynamicsrv.com

- ব্যক্তিগত ও ব্যবসায়িক ট্যাক্স ফাইল
- সেলস ট্যাক্স রিটার্ন
- পে-রোল এন্ড বুকপিপিং
- কর্পোরেশন
- পার্টনারশীপ এন্ড এলএলসি
- ইমিগ্রেশন সার্ভিস

Bronx Office:
2098 Starling Avenue,
Bronx, NY 10462
Phone: 646-295-3811,
347-389-4420,
917-536-9770

Jamaica Office:
168-29 Hillside Ave. Suite
-2C, Jamacia, NY 11432
Phone: 646-295-3811,
347-389-4420,
917-536-9770

আই ট্যুরস

(শেষের পাতার পর)

কওে তুলছে। পৃথিবীর অপার সৌন্দর্যের নীলাভূমি ভ্রমণের আকাঙ্ক্ষা মানুষের অন্তহীন। আর এই অন্তহীন চাহিদার কথা মাথায় রেখেই বিশ্বব্যাপী গড়ে উঠেছে হাজারো ট্রাভেল এজেন্সী। এই সমস্ত ট্রাভেল এজেন্সীগুলো এনালগ সিস্টেমে পরিচালিত হওয়ার কারণে যেমনিভাবে সময় ক্ষ্যাপন হয়, তেমনিভাবে দেখা দেয় তথ্যগত ত্রুটি। আর এই সকল সমস্যা সমাধানে 'আই ট্যুরস' যুগান্তকারী এক সফটওয়্যার তৈরী করেছে বলে জানা গেছে। 'আই ট্যুরস'-এর সফটওয়্যারের মাধ্যমে ট্রাভেল এজেন্সীগুলো সারা বিশ্বে অবস্থিত নিজস্ব ও অন্যান্য সকল ট্রাভেল এজেন্সীর সাথে এক সাথে যোগাযোগ করতে সক্ষম। 'আই ট্যুরস'-এর নানামুখী ব্যবহারের মধ্যে রয়েছে- একসাথে বিশ্বের যেকোন শাখা ও এজেন্সীর সাথে যোগাযোগ, অনলাইন টিকেট বুকিং, অনলাইন ব্যাকিং, বিশ্বের যেকোন হোটেল-মোটেল, রেষ্টুরেন্ট-এর সাথে যোগাযোগের সুবিধা, ১০০% নিরাপদ সফটওয়্যার, সার্বক্ষণিক নিরাপত্তা ব্যাকআপ প্রদান, এজেন্সীর টোটাল হিসাব করার জন্য আলাদা সিকিউর ব্যবসা প্রভৃতি। 'আই ট্যুরস'-এর সাথে সংশ্লিস্টরা মনে করছেন, এই সফটওয়ার ব্যবহারের ফলে ভ্রমণ হবে আধুনিকতার ছোঁয়ায় ভড়া। ট্রাভেল এজেন্সীর উন্নত গ্রাহক সেবা প্রদান 'আই ট্যুরস'-এর অঙ্গীকার। নিউইয়র্ক (১০২-৩৩ র‍্যামিংটন স্ট্রীট, জ্যামাইকা, এনওয়াই ১১৪৩৫) ছাড়াও বাংলাদেশ ও ভারতে এর অফিস রয়েছে। বিস্তারিত জানতে ৭১৮-৭৯৫-৮৬২৮ এই নম্বরে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে।

সুদ বিলোপে মহানবী (সা.)

(শেষের পাতার পর)

ভক্ষণকারীরা এমনভাবে (কবর থেকে) দাঁড়াবে যেন সে শয়তানের স্পর্শে উন্মাদ হয়েছে, কারণ তারা বলে বেড়ায় যে সুদ তো ব্যবসার মতো, অথচ আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন এবং সুদকে হারাম করেছেন।' (সুরা বাকারা, আয়াত : ২৭৫)।

মক্কায় সুদের লেনদেন: পূর্বকাল থেকে ইহুদিদের মাধ্যমে আরবে সুদের প্রচলন ছিল। সবচেয়ে প্রচলিত পন্থা হলো, ঋণ পরিশোধ বিলম্ব হওয়ায় সুদের হার বাড়তে থাকা। তখন সমাজের প্রায় সবাই সুদি কারবারে যুক্ত থাকত। তবে সুদের লেনদেন সমাজে ভালো চোখে দেখা হতো না। তাই পবিত্র কাবা পুনর্নির্মাণের সময় বৈধ অর্থের শর্তারোপ করা হয়। (আল কারজুল মাসরাফি দিরাসাতুন তারিখিয়্যাতুন মুকারানাতুন, পৃষ্ঠা : ৫৮)।

তায়েফে সুদের প্রচলন : তৎকালীন আরবে সুদের যেসব জায়গায় সবচেয়ে বেশি সুদি লেনদেন হতো তায়েফ ছিল তার অন্যতম। তায়েফের সাকিফ গোত্রের বনু আমর সুদের ভিত্তিতে বনু মাখজুমকে ঋণ দিত। ইসলাম গ্রহণের পর বনু আমর আগের সুদ দাবি করলে বনু মাখজুম তা দিতে অস্বীকৃতি জানায়। তখন মক্কার গভর্নর আততাব বিন উসাইদ (রা.)-এর কাছে বিচারের জন্য যায়। কিছুদিন পর তাঁর কাছে রাসুল (সা.) তাদের বিশাল অঙ্কের সুদ রহিত করে পত্রযোগে সুরা বাকারার ২৭৮ ও ২৭৯ নম্বর আয়াত লিখে পাঠান।ইহুদিরা ছিল আরবের সুদি মহাজন: মূলত মদিনার ইহুদিরা পুরো আরবে ব্যবসা-বাণিজ্যে একচেটিয়া প্রভাবের মাধ্যমে সুদের বিস্ড়ার করেছিল। তবে হিজরতের পর থেকে লেনদেনে সুদ ও শঠতার সুযোগ কমে যায়। সুদভিত্তিক লেনদেন তাদের জন্য নিষিদ্ধ হলেও তারা এতে জড়িত ছিল। পবিত্র কোরআনে তাদের মন্দ স্বভাব বর্ণনার সময় এটিও উল্লিখিত হয়েছে, 'আর তারা সুদ নিত, অথচ তা তাদের জন্য নিষিদ্ধ, অন্যায়ভাবে মানুষের সম্পদ খেত, আমি কাফেরদের জন্য যন্ত্রণাদায়ক শাস্তি প্রস্তুত করেছি।' (সুরা নিসা, আয়াত : ১৬১)

সুদ বিলোপে মহানবী (সা.)-এর প্রচেষ্টা: সমাজের ন্যায়পন্থা প্রতিষ্ঠার জন্য রাসুল (সা.) সবাইকে সুদ পরিহারের নির্দেশনা দিয়েছিলেন। নাজরানের খ্রিস্টানরাও অন্যদের মতো সুদের মধ্যে যুক্ত ছিল। রাসুল (সা.) এক চিঠিতে লিখেছেন, 'আরো শর্ত হলো, তোমরা সুদ খেতে পারবে না। কেউ তা খেলে আমি তার থেকে দায়মুক্ত রইব।' (আহকামুল কোরআন : ৪৭২/১)

সুদগ্রহীতার কঠিন শাস্তি: সামুরা বিন জুনদুব (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) বলেছেন, এক রাতে দুজন লোক আমাকে পবিত্র ভূমিতে নিয়ে গেল। হাঁটতে হাঁটতে আমরা এক রক্তের নদীর তীরে আসি। নদীতে এক লোক দাঁড়িয়ে আছে। নদীর কিনারে আরেক লোক দাঁড়ানো। তার চারপাশে পাথর। নদীতে থাকা লোকটি আসতে চাইলে কিনারের লোকটি তার মুখে পাথর নিক্ষেপ করে। লোকটি আবার আগের স্থানে চলে যায়। যতবারই লোকটি বের হতে চায় কিনারের লোকটি পাথর নিক্ষেপ করে। আর সে আগের স্থানে ফিরে যায়। আমি জিজ্ঞেস করলাম, এটা কে? সে বলল, নদীতে যাকে দেখছেন সে সুদখোর।' (সহিহ বুখারি, হাদিস : ১৩৩১)

বিদায় হজে সুদের নিষেধাজ্ঞা: সালমান বিন আমর পিতা থেকে বর্ণনা করেছেন, আমি বিদায় হজে রাসুল (সা.)-কে বলতে শুনেছি, 'শুনে রাখো, জাহেলি যুগের সব রকম সুদ রহিত করা হলো। সর্বপ্রথম আমি আমাদের আব্বাস বিন আবদুল মুত্তালিবের পাওনা সুদ রহিত করছি। তোমরা কেবল মূলধন পাবে। অন্যদের জুলুম করো না। তোমাদেরও জুলুম করা হবে না। জাহেলি যুগের সব রক্তপণ পরিত্যাজ্য। সর্বপ্রথম আমি হারিস বিন আবদুল মুত্তালিবের রক্তপণ রহিত করছি। সে বনু লাইসে দুধ পান করত। তাকে হুজাইল হত্যা করেছে।' (সুনানে আবি দাউদ, হাদিস : ৩৩১৮)

সুদে জড়িতদের ওপর অভিসম্পাত: জাবের (রা.) বর্ণনা করেছেন, রাসুল (সা.) অভিসম্পাত করেছেন সুদখোর, সহযোগিতাকারী, সুদের লেখক ও সাক্ষ্যদাতাদ্বয়কে। আর তারা সবাই সমান পাপী।' (সহিহ মুসলিম, হাদিস : ৩০৯৬)

করোনাকালে ঢাকা ছেড়েছেন

(শেষের পাতার পর)

বোঝাই করে ৮০০ নাগরিককে ঢাকা থেকে সরিয়েছে যুক্তরাষ্ট্র। গত বুধ ও শুক্রবার কাতার এয়ারের স্পেশাল দুই ফ্লাইটে তাদের ফিরিয়ে নেয়া হয়। সিভিল এভিয়েশনের মুখপাত্র গণমাধ্যমকে জানিয়েছে, যুক্তরাষ্ট্র সরকারের ভাড়া করা কাতার এয়ারওয়েজের নিউইয়র্কগামী শেষ ফ্লাইটটি গত শুক্রবার সন্ধ্যায় ৩৯৪ যাত্রী নিয়ে আসে। একই গন্তব্যের দুর্থদিন আগে (বুধবারের ফ্লাইটে) ফিরেছেন ৩৯০ জন প্রাপ্ত বয়স্ক এবং ১৬টি শিশু। দুধের শিশুরা মায়ের কোলে চড়ে ঢাকা ছেড়েছে।

সিভিল এভিয়েশনের রেকর্ড এবং আমেরিকান দূতাবাসের সরবরাহ করা তথ্য মতে, গত ৩০ মার্চ থেকে শুরু করা প্রথম ধাপের চার ফ্লাইটে ১২২০ আর দ্বিতীয় ধাপের দুই ফ্লাইটে বরাবর ৮০০, সব মিলে এ পর্যন্ত মোট ২০২০ আমেরিকান ঢাকা ছেড়ে গেছেন। যার মধ্যে দোহা হয়ে কাতার এয়ারের (৩০ শে মার্চের) প্রথম ফ্লাইটে গেছেন ২৬৯ জন, ৫ই এপ্রিলের দ্বিতীয় ফ্লাইটে ৩২২ জন, ১৩ এপ্রিলের তৃতীয় ফ্লাইটে গেছেন ৩২৮ জন। ২১ এপ্রিলের চতুর্থ ফ্লাইটটি ছিল ওমান এয়ার থেকে ভাড়া করা।

ওই ফ্লাইট ৩০১ জন আমেরিকানকে জাপান হয়ে ওয়াশিংটনের ডুলাস ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে পৌছে দেয়। মার্কিন দূতাবাসের তথ্য মতে, আগের সব ফ্লাইট ঢাকা টু ওয়াশিংটন হলেও বুধ ও শুক্রবারের ফ্লাইট দুথটি গেছে নিউইয়র্কে। দূতাবাসের এক মুখপাত্র বলেন, শেষ দু'টি ফ্লাইট তু ডেডিকেটেড ফ্লাইট ছিলো। ক্যাপাসিটির সর্বোচ্চ ব্যবহার করে যতটা সম্ভব তারা আটকে পড়া আমেরিকান নাগরিক এবং তাদের পরিবারের সদস্যদের ফিরিয়েছে। শুক্রবারের ফ্লাইট ছেড়ে যাওয়ার মধ্য দিয়ে আপাততঃ বাংলাদেশ থেকে আমেরিকানদের উদ্ধার কার্যক্রম শেষ হলো। উল্লেখ্য, বাংলাদেশে করোনাভাইরাসের প্রাদুর্ভাব দেখা দেয়ার পর তার বিস্তার রোধে চীন ছাড়া দুনিয়ার সঙ্গে সব রুটিন ফ্লাইট বন্ধ করে দেয় ঢাকা। এ কারণে আমেরিকান নাগরিক, বাংলাদেশী বংশোদ্ভূত আমেরিকান (পারমানেন্ট রেসিডেন্ট কার্ডধারী) সহ হাজার হাজার বিদেশি বাংলাদেশে আটকা পড়েন। তাদের উদ্ধারে স্ব স্ব রাষ্ট্র স্পেশাল ফ্লাইট আয়োজন করে। এ পর্যন্ত অন্তত ৮ হাজার বিদেশি স্পেশাল ফ্লাইটে ঢাকা ছেড়ে গেছেন। এর মধ্যে ছিলেন বাংলাদেশে দায়িত্বরত কূটনীতিক, ব্যবসায়ী-বিনিয়োগকারী, বিদেশি সহায়তায় চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কর্মী, গার্মেন্টস ও বায়িং হাউজের প্রতিনিধি, মেডিকেল ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থী এবং তাদের পরিবারের সদস্যরা। তবে যুক্তরাষ্ট্র, বৃটেন ও ইউরোপের বিভিন্ন গন্তব্যে ফেরা বিদেশিদের উল্লেখ্যযোগ্য অংশই বাংলাদেশী বংশোদ্ভূত ওই সব দেশের নাগরিক বলে নিশ্চিত করেছে সেগুনবাগিচা। পররাষ্ট্র সচিব বা মন্ত্রণালয়ের প্রতিনিধিরা বিমানবন্দরে উপস্থিত থেকে তাদের বিদায় জানানো ছাড়াও বিদেশিদের উদ্ধার-ফ্লাইট (ইভাকুয়েশন ফ্লাইট) পরিচালনা সংক্রান্ত বিশাল এবং সিরিজ ওই কর্মযজ্ঞ মনিটর এবং সমন্বয় করেছেন। দূতাবাসগুলোর তরফে প্রচারিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ জন্য আনুষ্ঠানিকভাবে পররাষ্ট্র মন্ত্রণালয় ইমিগ্রেশন ও বিমানবন্দর কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়েছে।

বিদেশিদের বিশেষত কূটনীতিকদের ঢাকা ছেড়ে যাওয়া প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন প্রায়শই বলেন, করোনা বিশ্বের অনেক কিছু স্থবির করে দিয়েছে, বিশেষ করে অর্থনৈতিক কর্মকান্ড। প্রাণঘাতি ওই ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে সবাইকে ঐক্যবদ্ধ এবং পরস্পরের প্রতি সমব্যথী হতে হবে। মন্ত্রীর মতে, কূটনীতিক ও নানা কাজে বাংলাদেশে থাকা বিদেশি নাগরিকরা নিজ নিজ দেশে ফিরে গেছেন করোনার এই দুঃসময়ে পরিবার- পরিজনকে সময় ও সাহস দিতে। তারা ব্যক্তিগত আগ্রহ এবং তাদের সরকারগুলোর স্পেশাল অ্যারেঞ্জমেন্টে ফিরেছেন। পরিস্থিতি স্বাভাবিক হলে দ্রুততম সময়ের মধ্যে তারা ঢাকা ফিরবেন বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে পররাষ্ট্রমন্ত্রী বলেন, এই সময়ে অনেক বাংলাদেশিও দেশে ফেরেছেন এবং ফিরছেন। নানা কারণে তাদের ফেরাতে হচ্ছে।

'মাসালা নাও ডট কম'

(শেষের পাতার পর)

